# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Jaistha 22, 1433 Bangla, June 05, 2026, Friday, No. 150, 56th year


## H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has called for coordinated public-private initiatives and global cooperation to tackle the growing risks of climate change. [R. Today: 21]

Health Minister says, it has been proven that clear negligence by hospital authorities to be responsible for deaths of 6 newborns at Ad-din Hospital. Govt is taking strict punitive measures, including cancelation of hospital's license. [BBC: 03; Jago FM: 18]

Education Minister has announced that school uniforms will be arranged for all government primary school students across country within the next three months. [R. Today: 19]

BGB has said, it thwarted 10 separate attempts within the past 24 hours by India's Border Security Force to allegedly push people into Bangladesh through various border points. [BBC: 03]

A special tribunal in Dhaka has fixed June 7 for delivering its verdict in the case filed over the rape and murder of child Ramisa Akter in capital's Pallabi area. [BBC: 03]

Bangladesh Energy Regulatory Commission has decided to withdraw the additional electricity price of up to 75 units at the residential level. [BBC: 05]

According to Road Safety Foundation, during the Eid-ul-Adha holiday travel period, a total of 306 people were killed in accidents across road, water and rail transport. [BBC: 03]

At least 5 people, including 3 women, have been killed in separate lightning strikes in Chapainawabganj. [Jago FM: 17]

A Siliguri lawyer has filed a sedition case against former West Bengal Chief Minister Mamata Banerjee alleging that she has undermined country's sovereignty & security by commenting on a murder in BD. [BBC: 04]

US President Donald Trump has stated that discussions with Iran are progressing "very well" and a peace deal could potentially be reached over the weekend. [NHK: 11]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ২২, বাংলা ১৪৩৩, জুন ০৫, ২০২৬, শুক্রবার, নং- ১৫০, ৫৬তম বছর**

# শিরোনাম

জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান ঝুঁকি মোকাবিলায় সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডে: ২১]

স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন, আদ-দ্বীন হাসপাতালে ৬ নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলাজনিত কারণ স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। হাসপাতালটির লাইসেন্স বাতিলসহ কঠিন শাস্তিমূলক ব্যবস্থা নিচ্ছে সরকার। [বিবিসি: ০৩; জাগো নিউজ: ১৮]

আগামী ৩ মাসের মধ্যে সরকার সারা দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য স্কুল ড্রেসের ব্যবস্থা নিশ্চিত করবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী । [রে. টুডে: ১৯]

দেশের বিভিন্ন সীমান্ত এলাকায় ২৪ ঘণ্টায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর `অবৈধভাবে' `পুশ-ইনের, পৃথক ১০টি চেষ্টা ঠেকানোর কথা জানিয়েছে বিজিবি। [বিবিসি: ০৩]

ঢাকার পল্লবীর সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যা মামলায় ৭ জুন রায় দেওয়া হবে ---জানিয়েছে শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল। [বিবিসি: ০৩]

আবাসিক পর্যায়ে ৭৫ ইউনিট পর্যন্ত বিদ্যুতের বাড়তি দাম প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন। [বিবিসি: ০৫]

ঈদুল আজহার ছুটিতে সড়ক, নৌ ও রেলপথের দুর্ঘটনায় নিহত ৩০৬ জন - রোড সেইফটি ফাউন্ডেশনের এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। [বিবিসি: ০৩]

চাঁপাইনবাবগঞ্জে পৃথক বজ্রপাতের ঘটনায় তিন নারীসহ পাঁচজনের মৃত্যু হয়েছে। [জাগো এফএম: ১৭]

'বাংলাদেশের একটি খুনের' ব্যাপারে মন্তব্য করে মমতা ব্যানার্জি দেশের সার্বভৌমত্ব ও সুরক্ষা বিঘ্নিত করেছেন, এই অভিযোগে পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা করেছেন শিলিগুড়ির এক আইনজীবী। [বিবিসি: ০৪]

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে আলোচনা "খুব ভালোভাবে„ চলছে এবং উভয়পক্ষ "সপ্তাহান্তের মধ্যেই„ একটি শান্তি চুক্তিতে পৌঁছাতে পারে। [এনএইচকে: ১১]

# বিবিসি

## সীমান্তে 'পুশ-ইনের, ১০টি চেষ্টা রুখে দেওয়ার দাবি করেছে বিজিবি

দেশের বিভিন্ন সীমান্ত এলাকায় গত ২৪ ঘন্টায় `পুশ-ইনের, পৃথক ১০টি চেষ্টা ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) করেছে বলে জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। তবে সবকটি চেষ্টা বিজিবি রুখে দিয়েছে বলেও জানিয়েছে তারা। একইসঙ্গে সম্ভাব্য `পুশ-ইন, প্রতিরোধে সীমান্ত এলাকায় গোয়েন্দা নজরদারি ও টহল কার্যক্রম জোরদার করা হয়েছে বলে বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলামের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। বিজিবি আরো জানিয়েছে, দেশের সীমান্ত নিরাপত্তা নিশ্চিতকরণে সর্বোচ্চ সতর্কতা ও পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করে যাচ্ছে তারা। যে-সব সীমান্তে বিএসএফ `পুশ-ইনের, চেষ্টা করেছে সেগুলোর মধ্যে রয়েছে, ঝিনাইদহের যাদবপুর সীমান্ত, একই জেলার মহেশপুর সীমান্ত দিয়ে বিএসএফ `পুশ-ইনের, চেষ্টা করলে বিজিবির টহলদল ও স্থানীয় জনসাধারণের তাৎক্ষণিক প্রতিরোধের মুখে বিএসএফ ওই ব্যক্তিদের পুনরায় ভ্যানে তুলে অন্যত্র সরিয়ে নিতে বাধ্য হয়। বাংলাদেশের আরো যে-সব সীমান্তে বিএসএফ `পুশ-ইনের, চেষ্টা করেছে সেগুলোর মধ্যে যশোরের গোগা ও রুদ্রপুর সীমান্ত, জয়পুরহাটের কয়া ও বাসুদেবপুর সীমান্ত, ঠাকুরগাঁও এর হরিপুর সীমান্ত, পঞ্চগড়ের রওশনপুর সীমান্ত। তবে, প্রতিটি সীমান্তেই বিজিবি বিএসএফের এই প্রচেষ্টা প্রতিহত করেছে বলে জানিয়েছে। এছাড়া, কয়েকটি সীমান্তে বেশ কিছু মানুষকে বাংলাদেশে `পুশ-ইনের, জন্য বিএসএফ জড়ো করে রেখেছে বলে জানিয়েছে বিজিবি। সেসব স্থানে কড়া নজরদারির কথা জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ। এসব স্থানের মধ্যে চাঁপাইনবাবগঞ্জ সীমান্ত, একই জেলার সোনা মসজিদ সীমান্ত এবং নেত্রকোনার কচুগড়া সীমান্তে বেশ কিছু মানুষ `পুশ-ইনের, উদ্দেশ্যে বিএসএফ জড়ো করে রেখেছে বলে জানিয়েছে বিজিবি। সংবাদ বিজ্ঞপ্তিতে বিজিবি জানিয়েছে, সীমান্ত দিয়ে কোনো ব্যক্তি বা গোষ্ঠীকে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করতে দেওয়া হবে না। আন্তর্জাতিক সীমান্ত ব্যবস্থাপনা, বিদ্যমান আইন এবং দ্বিপাক্ষিক সমঝোতার পরিপন্থি যে-কোনো `পুশ-ইন, প্রচেষ্টা কঠোরভাবে প্রতিহত করা হবে। একইসঙ্গে, সীমান্তে বিজিবির গোয়েন্দা নজরদারি, টহল ও অপারেশনাল কার্যক্রম জোরদার করা হয়েছে বলেও জানানো হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## রামিসা ধর্ষণ ও হত্যা মামলার রায় ৭ জুন

ঢাকার পল্লবীর সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার মামলায় ৭ জুন রোববার রায় দেওয়া হবে বলে জানিয়েছে শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল। আজ বৃহস্পতিবার এ মামলায় রাষ্ট্র ও আসামিপক্ষের যুক্তিতর্কের শুনানি শেষ হয়েছে। তারপরই ট্রাইবুনাল রায়ের তারিখ ধার্য করেছেন। এর আগে, ২৪ মে দুই আসামির বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দিয়েছে পুলিশ। চার্জশিটে এই ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি করা হয়েছে সোহেল রানাকে। তার সহযোগী হিসেবে অভিযুক্ত করা হয়েছে তার স্ত্রী স্বপ্না আক্তারকে। গত ১৯ মে সকালে পল্লবীর মিরপুর-১১ নম্বর এলাকায় নিজেদের বাসার পাশের ফ্ল্যাটের একটি কক্ষ থেকে রক্তাক্ত ও খণ্ডিত অবস্থায় উদ্ধার করা হয় শিশু রামিসার মৃতদেহ। ঘটনার পরদিনই নিহত শিশুর বাবা আব্দুল হান্নান মোল্লা বাদী হয়ে পল্লবী থানায় মামলা দায়ের করলে পুলিশ সোহেল রানা ও তার স্ত্রীকে আটক করে। গত ২১ মে রাতে রামিসার বাসা পরিদর্শন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ওইদিনই স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছিলেন, রোববারের মধ্যে আদালতে চার্জশিট দাখিল করা হবে। একইসঙ্গে আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, ঈদের আগেই চার্জশিট দাখিল সম্ভব হলে ঈদের পরপরই বিচারিক কার্যক্রম শুরু করা যাবে। (বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## ঈদের ছুটিতে সড়ক, নৌ ও রেলপথের দুর্ঘটনায় নিহত ৩০৬ জন : রোড সেইফটি ফাউন্ডেশন

ঈদুল আজহায় ছুটিতে ১৩ দিনে সড়ক দুর্ঘটনায় ২৮১ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ৩৪ জন নারী এবং ৪৮ জন শিশু রয়েছে। রোড সেইফটি ফাউন্ডেশন নামে একটি সংগঠন বৃহস্পতিবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। সংগঠনটির প্রতিবেদনে আরও বলা হয়েছে, মোট ২৯২ টি সড়ক দুর্ঘটনার ঘটনায় আহত হয়েছেন ৮৩৭ জন। ২১ মে থেকে ২ জুন পর্যন্ত ঈদের ছুটিতে এসব দুর্ঘটনা ঘটেছে বলে বিভিন্ন গণমাধ্যমের বরাত দিয়ে সংগঠনটি এই তথ্য দিয়েছে। এসব দুর্ঘটনার মধ্যে ৪৮ দশমিক ২৮ শতাংশই ছিল মোটরসাইকেল দুর্ঘটনা। ১৪১টি মোটরসাইকেল দুর্ঘটনায় ১২৪ জন নিহত হয়েছেন। এছাড়াও ঈদের ছুটির এই সময়ে ১৩টি নৌপথ দুর্ঘটনায় আট জন নিহত এবং ১৫ আহত হয়েছে। সেই সঙ্গে মারা গেছে কোরবানির ২৪টি গরু। আর ২২টি রেলপথ দুর্ঘটনায় ১৭ জন নিহত ও নয়জন আহত হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## নবজাতক মৃত্যুর ঘটনায় আদ-দ্বীন হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলা প্রমাণিত হয়েছে

ঢাকার মগবাজারে বেসরকারি আদ-দ্বীন হাসপাতালে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় ওই সময়ে চিকিৎসক না থাকা, নার্স, স্টাফ ও হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলাজনিত কারণ স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বৃহস্পতিবার বেলা ৩টায় তদন্ত কমিটি প্রতিবেদন নিয়ে সচিবালয়ে এক

সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। মি. হোসেন বলেন, ”তদন্ত কমিটি সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনীত হয়েছে, ছয় নবজাতকের আকস্মিক মৃত্যুর ঘটনায় হাসপাতালের ওই সময়ে দায়িত্বরত চিকিৎসক না থাকা এবং নার্স, স্টাফ ও হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্বের অবহেলাজনিত বিষয়টি স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে।„ এ বিষয়ে ব্যবস্থা কী নেওয়া হবে- সাংবাদিকরা জানতে চাইলে তিনি বলেন, ”তদন্ত কমিটির প্রতিবেদন নিয়ে আমরা বসবো। বসে বিদ্যমান আইনে যেই শাস্তি দেওয়া যায় আমরা সেটাই করবো ইনশাল্লাহ।„ একইসঙ্গে, লাইসেন্স বাতিল করা হবে কিনা, এমন প্রশ্নে তিনি জানান, আইন দেখেই আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। তদন্ত কমিটির প্রতিবেদনের বরাত দিয়ে তিনি জানান, তদন্ত কমিটির পর্যবেক্ষণ ভবনটি হাসপাতালের কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত নয়। ”সংশ্লিষ্ট পোস্ট অপারেটিভ কক্ষ পরিদর্শন শেষে তদন্ত কমিটির কাছে প্রতীয়মান হয়, কক্ষটিতে দীর্ঘ সময় এসি বন্ধ থাকায় এবং স্বাভাবিক ভেন্টিলেশন কার্যক্রম না থাকায় প্রয়োজনীয় অক্সিজেনের মাত্রায় ঘাটতি হয়েছে ও পক্ষান্তরে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ স্বাভাবিকের চেয়ে বেশি ছিল,„ বলেন মি. হোসেন। দায়িত্বরত সেবিকাদের দায়িত্বে চরম অবহেলা ও অসহযোগিতা ছিল নবজাতকের আকস্মিক শারীরিক অবনতিশীল অবস্থায় হাসপাতালের সক্রিয় ইমার্জেন্সি মেডিকেল রেসপন্স ছিল না বলেও জানান তিনি। অভিভাবকদের আহ্বানে সাড়া না দিয়ে সংশ্লিষ্ট নার্স কোনো চিকিৎসককে বিষয়টি অবহিত না করে কালক্ষেপণ করতে থাকে এবং নবজাতকদের মৃত্যু রোধে প্রয়োজনীয় উপযুক্ত যথাযথ চিকিৎসার ব্যবস্থাও নেওয়া হয়নি বলে তদন্তে উঠে এসেছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। তদন্তে পাওয়া গেছে, ওই কক্ষটি প্রায় ৯০০ বর্গফুট যেখানে **১১** জন রোগী, নবজাতক এবং রোগীর লোকসহ প্রায় ৫০ জন লোক ছিল, যা ধারণ ক্ষমতার চেয়ে অনেক অনেক বেশি। ”বিদ্যমান প্রশাসনিক দায়িত্বে থাকা ব্যক্তিবর্গ একটি হাসপাতাল পরিচালনার প্রাথমিক শর্ত পালনে সক্ষম ছিল না। যেমন : উক্ত পোস্ট অপারেটিভ রুমে ভর্তি রোগীদের চিকিৎসার জন্য কোনো চিকিৎসক ছিল না,„ বলেন মি. হোসেন। সেবিকাদের জরুরি পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়নি, আলো-বাতাস চলাচলে ভেন্টিলেশনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়নি বলেও তদন্তে পাওয়া গেছে। পোস্ট অপারেটিভ কক্ষে জনগণের উপস্থিতি নিয়ন্ত্রণ করা হয়নি এবং হাসপাতালটি যথেষ্ট ঝুঁকিপূর্ণ বলেও জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। তদন্ত প্রতিবেদনের বরাত দিয়ে মি. হোসেন বলেন, মৃত্যুর সম্ভাব্য কারণ, যদিও অস্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে ময়নাতদন্ত ছাড়া মৃত্যুর সুনির্দিষ্ট কারণ বের করা সম্ভব নয় তথাপি পারিপার্শ্বিক অবস্থা পর্যবেক্ষণ ও বিভিন্ন ব্যক্তির জবানবন্দি থেকে নিম্নলিখিত বিষয়গুলোকে মৃত্যুর কারণ হিসেবে উল্লেখ করা যায়। তিনি বলেন, ”ছোট বদ্ধ কক্ষে অতিরিক্ত মানুষের উপস্থিতি, দীর্ঘক্ষণ এসি বন্ধ থাকা এবং বিকল্প কোন ভেন্টিলেশনের ব্যবস্থা না থাকায় বাতাসে অক্সিজেনের পরিমাণ কমে যাওয়া এবং কার্বন ডাই অক্সাইডের পরিমাণ বেড়ে যাওয়া যা নবজাতক শিশুর দীর্ঘসময় টিকে থাকার ক্ষেত্রে অসম্ভব হয়ে পড়েছিল।„ (বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## 'বাংলাদেশে কাকে খুন করিয়েছিলেন' মন্তব্যের জেরে মমতা ব্যানার্জীর বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা

'বাংলাদেশের একটি খুনের' ব্যাপারে মন্তব্য করে মমতা ব্যানার্জি দেশের সার্বভৌমত্ব ও সুরক্ষা বিঘ্নিত করেছেন, এই অভিযোগে পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে ইউএপিএ অর্থাৎ দেশদ্রোহিতার একাধিক ধারায় মামলা করেছেন শিলিগুড়ির এক আইনজীবী। বিবিসি নিউজ বাংলার সঙ্গে কথা বলার সময়ে ওই আইনজীবী রিঙ্কি সিং বলেন, ”মমতা ব্যানার্জি যখন মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়েছিলেন, তখন তিনি শপথ নিয়েছিলেন যে, দেশের সুরক্ষা, সার্বভৌমত্ব ও সংহতি তিনি রক্ষা করবেন। কিন্তু তার বক্তব্যে প্রতিবেশী দেশ বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক খারাপ হতে পারে।„ গত ২ মে মমতা ব্যানার্জি একটি বক্তব্যে নাম না করে বলেন, 'বাংলাদেশে কাকে দিয়ে খুন করিয়েছিলেন জানি'। ওই মন্তব্যে কৌতূহল তৈরি হয়েছে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে। পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্সের প্রশংসা করে তিনি বলেন, ”বাংলাদেশ থেকে একটা বড়ো খুনিকে এসটিএফ অ্যারেস্ট করেছিল জেনে রাখুন। যা নিয়ে বাংলাদেশে অনেক রেভল্যুশন হয়েছিল। অন্য দেশের কথা আমি বলছি না, আমার সেই অধিকার নেই, কিন্তু আমার মুখ্য বক্তব্য হলো, তারা মেঘালয় দিয়ে বাংলায় চলে আসে। তখন আমাদের এসটিএফ তাদের ধরে।„ এই বক্তব্যে তিনি যে ঘটনাক্রম উল্লেখ করেছেন, সেই ঘটনাক্রমে তিনি বাংলাদেশের চর্চিত চরিত্র ওসমান হাদির কথা বলেছেন বলে মনে করছে ভারত ও বাংলাদেশের বিভিন্ন মহল। তবে এই ঘটনার সঙ্গে তিনি ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর নাম জড়িয়ে বলেন, ”তার পরে হোম মিনিস্টার নিজে আমাকে ফোন করে বলেন, আপনি বেঙ্গল পুলিশকে বলে দিন এই কথা যেন বাইরে না যায়। এটা দেশের স্বার্থে।„ এই বক্তব্যের তীব্র নিন্দা করে মিজ সিং বলেছেন, ভারত তার প্রতিবেশী দেশগুলির সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক চায়। বাংলাদেশের সরকার এমনকি ওসমান হাদির পিতামাতাও এই হত্যাকাণ্ডে ভারতের দিকে আঙুল তোলেননি, ফলে মমতা ব্যানার্জি দেশের সুরক্ষার ক্ষেত্রে এক বড়ো বিপদের জন্ম দিয়েছেন।„ আইনজীবী রিঙ্কি সিং আরও জানান, ”এই মন্তব্যের ফলে বাংলাদেশে ভারত বিরোধী শক্তি সক্রিয় হতে পারে ও বাংলাদেশের সংখ্যালঘুরা অসুরক্ষিত হয়ে পড়তে পারেন।„ সোমবার হাইকোর্ট খুললেই তিনি মমতা ব্যানার্জীর গ্রেফতারির জন্য আবেদন করবেন বলে জানিয়েছেন রিঙ্কি সিং। ইতোমধ্যেই তিনি শিলিগুড়ি সাইবার থানায় মমতা ব্যানার্জির বিরুদ্ধে অভিযোগ দায়ের

করেছেন। যে আইনে তিনি মামলা করেছেন, সেই ইউএপিএ হলো মূলত সন্ত্রাস দমন আইন। এই আইন জামিন অযোগ্য ও অভিযোগ খতিয়ে দেখে অভিযুক্তকে জেল হেফাজতে রাখা যায়।
(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## আবাসিকে ৭৫ ইউনিট পর্যন্ত বিদ্যুতের বাড়তি দাম প্রত্যাহার করল বিইআরসি

আবাসিক পর্যায়ে ৭৫ ইউনিট পর্যন্ত বিদ্যুতের বাড়তি দাম প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। এর ফলে আগের দামই বহাল থাকছে। বৃহস্পতিবার বিইআরসির সচিব মো. নজরুল ইসলাম সরকারের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, আবাসিক লাইফ লাইন (শূন্য থেকে ৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপের (শূন্য থেকে ৭৫ ইউনিট) বর্ধিত মূল্যহার কার্যকর না করে পূর্বের মূল্যহার বহাল রাখা হয়েছে। এতে বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানিগুলোর আয় কমবে, যা সরকারকে অতিরিক্ত ভর্তুকি দেওয়ার মাধ্যমে সমন্বয় করতে হবে বলে বিইআরসির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির আবাসিক গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত লাইফ লাইন শূন্য থেকে ৫০ ইউনিটের এনার্জি রেট বা চার্জ হবে চার দশমিক ৬৩ টাকা। এছাড়া, আবাসিক প্রথম ধাপের শূন্য থেকে ৭৫ ইউনিটের এনার্জি রেট বা দাম হবে পাঁচ দশমিক ২৬ টাকা। এই আদেশ জুন মাসের বিল থেকেই কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে বলে জানিয়েছে বিইআরসি।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## বিদ্যুতের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ঢাকায় বিক্ষোভ করেছে জামায়াতে ইসলামী

জ্বালানি তেল, সিলিন্ডার গ্যাস এবং প্রায় দুইমাসের ব্যবধানে বিদ্যুতের দাম বৃদ্ধিতে প্রতিবাদ জানিয়েছে জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এক বিক্ষোভ সমাবেশে বলেন, ”আবার বিদ্যুতের দাম গ্রাহক পর্যায়ে প্রায় ২০ শতাংশ বৃদ্ধি করেছেন। প্রান্তিক, গরীব মানুষ জিরো থেকে পঞ্চাশ ইউনিট ব্যবহার করে।„ ”তাদের ঘাড়ে প্রায় তিন কোটি বিদ্যুৎ গ্রাহকের ওপরে বিদ্যুতের মূল্যবৃদ্ধি করে জনগণের ওপর জুলুম চাপিয়ে দিয়েছেন। তার প্রতিবাদে আজকে আমরা বিক্ষোভ করছি,„ বলেন মি. পরওয়ার। তিনি বলেন, সরকারের উচিত ছিল বিদ্যুৎ সেক্টরে হওয়া দুর্নীতি-অনিয়মের তদন্ত করা, কিন্তু তা না করে বিদ্যুতের দাম বাড়িয়ে দিয়েছেন। বিদ্যুতের দাম বাড়ানোর প্রতিবাদে রাজধানীর পল্টনে বায়তুল মোকাররমের উত্তর গেইটে এক বিক্ষোভ সমাবেশ জামায়াতে ইসলামীর এই নেতা বক্তব্য দেন। প্রধানমন্ত্রীকে ইঙ্গিত করে মিয়া গোলাম পরওয়ার বলেন, ”এই বর্ধিত মূল্য প্রত্যাহার না করে যদি জনগণের জীবন-মানের উন্নয়নে সাহায্য না করেন, জনগণের রুদ্ররোষে পড়ার চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে আপনার।„ এদিকে, বিদ্যুতের অযৌক্তিক মূল্যবৃদ্ধি জনজীবনের ওপর নতুন আঘাত বলে মন্তব্য করেছেন বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব জালালুদ্দীন আহমদ। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। অবিলম্বে বিদ্যুতের মূল্যবৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানিয়েছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## মধ্যস্বত্বভোগীদের কারণে কাঁচামরিচের দাম বেড়েছে ১১৬ শতাংশ : সিপিডি

উৎপাদন পর্যায় থেকে ভোক্তার কাছে যাওয়ার আগে পর্যন্ত বিভিন্ন পর্যায়ে কাঁচামরিচের দাম সবচেয়ে বেশি অর্থাৎ ১১৬ শতাংশ বেড়েছে বলে জানিয়েছেন সেন্টার ফর পলিসি ডায়লগের নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন। বৃহস্পতিবার রাজধানীর ধানমন্ডিতে সিপিডির কার্যালয়ে `বাংলাদেশের অর্থনীতির উত্তরণকালীন বহুমাত্রিক চ্যালেঞ্জ, শীর্ষক এই ব্রিফিং করে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। বিভিন্ন পণ্যের ক্ষেত্রে কীভাবে মূল্য বাড়ছে সে বিষয়ে ১০টি পণ্যের ওপর করা এক জরিপে এটি পাওয়া গেছে বলে জানিয়েছেন তিনি। ২০১৯ সাল থেকে এই বছর পর্যন্ত কীভাবে দ্রব্যমূল্য বেড়েছে, সেটি উল্লেখ করে মিজ খাতুন বলেন, ”চালের ক্ষেত্রে আমরা দেখছি এটার বাড়া-কমার হারটা অনেক বেশি। ১৪ই মে পর্যন্ত এটা ৬০ টাকায় পৌঁছেছে। তারপরে মুশুরি ডাল কিংবা ডিমের ক্ষেত্রেও আমরা দেখেছি দামগুলো অনেক বেড়েছে,„ বলেন মিজ খাতুন। যে ১০টি নির্ধারিত পণ্যের দামের ওপর সার্ভে করা হয়েছে সেগুলো হলো চাল, ডাল, পেঁয়াজ, আলু, কাঁচামরিচ, ডিম, ব্রয়লার মুরগী, বেগুন, গরুর মাংস, রুই মাছ। এগুলোর কৃষক থেকে খুচরা পর্যায়ে বিক্রেতা পর্যন্ত প্রায় এক হাজার ইন্টারমিডিয়েট এজেন্টদের ওপর জরিপ করেছে সিপিডি।

সংস্থাটির নির্বাহী পরিচালক মিজ খাতুন বলেন, ”এই সার্ভে করার একটা উদ্দেশ্য ছিল, আমরা দেখতে চেয়েছি যে, কোন পর্যায়ে গিয়ে দামগুলো বাড়তে থাকে এবং এখানে মূল মধ্যস্বত্বভোগী কারা এবং ইন্টারমিডেয়টরি হিসেবে কে কাজ করে। মার্কেট পাওয়ারটা কার হাতে এবং সাপ্লাই চেইনের বিভিন্ন পর্যায়ে যেতে গিয়ে ফাইনালি কত দামটা বাড়ে।„ সরবরাহ শৃঙ্খলে উৎপাদন পর্যায় থেকে ব্যবহারকারীর কাছে যাওয়া পর্যন্ত সবচেয়ে বেশি দাম বেড়েছে কাঁচামরিচের। ”ফার্ম টু মার্কেট এবং হাউজহোল্ড পর্যায়ে সবচেয়ে বেশি দামটা বাড়ছে আসলে কাঁচামরিচের, সেটা ১১৬ শতাংশ বৃদ্ধি পাচ্ছে, একদম উৎপাদক থেকে ভোক্তা পর্যন্ত। তারপর পেঁয়াজ ৮৭ শতাংশ, মশুর ডাল ৭৮ শতাংশ এবং বেগুন ৭২ শতাংশ,„ বলেন মিজ খাতুন। কেন দাম বাড়ছে সেটার কারণ হিসেবে ”যত বেশি মধ্যস্বত্বভোগী থাকে তত বেশি দাম বাড়ছে„ বলে উল্লেখ করেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## বিদ্যুতের দাম বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ করেছে এনসিপি

বিদ্যুতের মূল্য বৃদ্ধির প্রতিবাদ জানিয়ে বৃহস্পতিবার রাতে বিক্ষোভ করেছে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি। বৃহস্পতিবার রাত ৮টায় দলটি বিক্ষোভ সমাবেশ করে। এতে অন্যান্য নেতা-কর্মী ছাড়াও দলটির সদস্য সচিব আখতার হোসেন ছিলেন। দলটির আরেক নেতা নাসিরউদ্দীন পাটোয়ারি বলেন, "বিশ্ববাজারে জ্বালানি বা তেলের দাম বৃদ্ধির সঙ্গে সমন্বয় করে সরকার দাম বাড়িয়েছে এই কথাটি সত্য নয়। সরকার জনগণকে বিভ্রান্ত করেছে।„ বাংলাদেশে ২০ শতাংশ দাম বাড়ানো হয়েছে, যা অন্যান্য দেশে পাঁচ থেকে সাত শতাংশ বাড়ানো হয়েছে বলেও উল্লেখ করেন তিনি। এতে পরিবহণ খাত থেকে শুরু করে দ্রব্যমূল্য পর্যন্ত প্রতিটি খাতে প্রভাব পড়তে শুরু করেছে বলে ক্ষোভ প্রকাশ করেন তিনি। উল্লেখ্য, বুধবার গ্রাহক পর্যায়ে ৭৫ ইউনিট পর্যন্ত বিদ্যুতের দাম বাড়িয়েছিল সরকার। তবে, বৃহস্পতিবার এই সিদ্ধান্ত প্রত্যাহারের কথা জানায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বা বিইআরসি। এই সিদ্ধান্তের ফলে আবাসিক পর্যায়ে ৭৫ ইউনিট পর্যন্ত পূর্বমূল্যই বহাল থাকছে।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ নারগীস)

## ফ্ল্যাটে বৃদ্ধার 'করুণ মৃত্যু' ঘিরে সমালোচনার ঝড়, বাবা-মায়ের দেখ-ভালের বিষয়ে আইনে কী আছে?

ঘরভর্তি ময়লা-আবর্জনা, স্যাঁতসেতে মেঝেতে জন্মেছে ছত্রাক। এর মধ্যেই ছোটো একটি খাটের ওপর পড়ে ছিল সত্তরোর্ধ্ব এক প্রবীণ নারীর নিথর দেহ। নাম নূরজাহান বেগম। তিনি কবে মারা গেছেন, বলতে পারেন না সন্তানরা। ঘটনাটি ঢাকার মিরপুরের। খবর পেয়ে গত রোববার ওই বাসা থেকে পুলিশের সদস্যরা যখন ওই বৃদ্ধার মরদেহ উদ্ধার করেন, ততক্ষণে তাতে পচন ধরে রীতিমতো দুর্গন্ধ ছড়াচ্ছিল। "ফ্ল্যাটটি এত পরিমাণে নোংরা এবং সেখান থেকে দুর্গন্ধ বের হচ্ছিল যে, পুলিশের সদস্যরা দাঁড়াতে পারছিল না,„ বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকার পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হাসান বাসির। পুলিশ বলছে, ওই বৃদ্ধার সন্তানরা সবাই উচ্চশিক্ষিত এবং সমাজে প্রতিষ্ঠিত। "উনার ছেলেদের মধ্যে একজন যুগ্ম সচিব, আরেকজন বুয়েটের শিক্ষক। এছাড়া উনার একটা মেয়ে আছে, যিনি স্থানীয় একটা স্কুলে শিক্ষকতা করেন। ওই মেয়ের সঙ্গেই তিনি থাকতেন,„ বলেন পুলিশ কর্মকর্তা মো. হাসান বাসির। স্যাঁতসেতে নোংরা যে ঘরটিতে বৃদ্ধা নূরজাহান বেগম মারা গেছেন, ইতোমধ্যেই সেটির ছবি এবং ভিডিও ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমে। সেগুলো দেখার পর অনেকেই ক্ষোভ প্রকাশ করছেন। অবহেলার অভিযোগ তুলে সন্তানদের শাস্তিও দাবি করছেন কেউ কেউ। বিষয়টি নিয়ে হাইকোর্টে একটি রিট আবেদনও দায়ের করা হয়েছে।

এদিকে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী বিবিসি বাংলাকে জানিয়েছেন যে, তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া গেলে প্রয়াত বৃদ্ধার যুগ্ম-সচিব ছেলের বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন তারা। ইতোমধ্যে বুধবার ওই যুগ্মসচিবকে মোংলাবন্দর কর্তৃপক্ষের সদস্য পদ থেকে সরিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। কিন্তু বয়স্ক বাবা-মায়ের দেখা-শোনার ব্যাপারে বাংলাদেশের আইনে ঠিক কী বলা আছে? কোনো সন্তান যদি ওই আইন না মানেন, সেক্ষেত্রে তাকে কী ধরনের শাস্তির মুখে পড়তে হতে পারে?

### প্রাথমিক তদন্তে যা পেয়েছে পুলিশ

মিরপুর ছয় নম্বর সেকশনের চতুর্থ তলার যে ফ্ল্যাটটি থেকে নূরজাহান বেগমের মরদেহ উদ্ধার করা হয়েছে, সেটি সি ব্লকের ১৩ নম্বর সড়কে অবস্থিত। বাসাটি মূলত বৃদ্ধার মেয়ে ও তার স্বামীর বলে প্রাথমিক তদন্তে জানতে পেরেছে পুলিশ। "উনার মেয়ের জামাইও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন। কয়েক বছর আগে তিনি মারা যান। তাদের ছেলে-মেয়ে নেই। ফলে ঘরে মানুষ বলতে কেবল মা-মেয়ে দু-জনই ছিলেন,„ বলেন ওসি মি. বাসির। ভবনের অন্য বাসিন্দারা জানিয়েছেন, দীর্ঘদিন সেখানে বসবাস করলেও তারা খুব একটা বাইরে বের হতেন না। "তারা কারো সাথে কথা বলতো না, খুব একটা মিশতো না। কোনো প্রয়োজনে বাসায় গেলে দরজাও খুলতো না,„ বলছিলেন ভবনটির এক বাসিন্দা। গত রোববার মায়ের কোনো সাড়াশব্দ না পেয়ে পাশের একটি ক্লিনিক থেকে দু-জন নার্সকে বাসায় ডেকে আনেন বৃদ্ধার চল্লিশোর্ধ্ব স্কুল শিক্ষক মেয়ে। "তারা ঘরে ঢুকে বৃদ্ধাকে মরে পড়ে থাকতে দেখে ৯৯৯ নম্বরে ফোন দিয়ে খবরটা আমাদের জানান,„ বলছিলেন পল্লবী থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পুলিশের সদস্য নিশ্চিত হন যে, বৃদ্ধার মৃত্যু বেশ কয়েকদিন আগেই হয়েছে। "আমরা গিয়ে দেখি, উনার শরীরে পচন ধরে গেছে। বিশেষ করে পিঠে এবং চোখে রীতিমতো পোকা দেখা যাচ্ছিল,„ বলেন ওসি মি. বাসির। পুরো ফ্ল্যাটের পরিবেশ অত্যন্ত অস্বাস্থ্যকর বলেও জানাচ্ছেন কর্মকর্তারা। "বৃদ্ধার রুমের নোংরা পরিবেশের যে ভিডিও ভাইরাল হয়েছে, পুরো ফ্ল্যাটটাই ওইরকম নোংরা। কোনো সুস্থ-স্বাভাবিক মানুষের পক্ষে ওইরকম জায়গায় বসবাস করা সম্ভব না,„ বলেন মি. বাসির। প্রাথমিক জিজ্ঞাসাবাদের সময় বৃদ্ধার মেয়ের কথাবার্তা অসংলগ্নতা পাওয়া গেছে বলেও জানান তিনি। "সব মিলিয়ে বৃদ্ধার মেয়ে মানসিকভাবে সুস্থ কি-না, সেই প্রশ্নটাই এখন সামনে আসছে। তা না হলে মায়ের লাশ পচা গন্ধ, উনি পেলেন না কেন?,„ বলেন পল্লবী থানার ওসি। এদিকে, ময়নাতদন্তের পর নূরজাহান বেগমের মরদেহ তার বুয়েটের শিক্ষক ছেলের কাছে হস্তান্তর করা হয়।

### বিচারের দাবি

ছেলে মেয়েরা উচ্চশিক্ষিত এবং সামর্থ্যবান হওয়ার পরও ৭৫ বছর বয়সি নূরজাহান বেগমের এমন মৃত্যু নিয়ে সামাজিক মাধ্যম ফেসবুকসহ বিভিন্ন মহলে ব্যাপক আলোচনা-সমালোচনা হতে দেখা যাচ্ছে। ”এটা খুবই ন্যক্কারজনক একটা ঘটনা। এমন মৃত্যু মোটেও মেনে নেওয়া যায় না,„ বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকার মিরপুর এলাকার বাসিন্দা ইমতিয়াজ হোসেন। সন্তানদের অবহেলার কারণেই ওই বৃদ্ধার এমন 'করুণ মৃত্যু' হয়েছে বলে দাবি করছেন কেউ কেউ। ”বৃদ্ধ ওই মা কতটুকু অবহেলার শিকার হয়েছিলেন, সেটা তার রুমের ভিডিও দেখলেই বুঝতে বাকি থাকে না,„ বলেন ধানমন্ডি এলাকার বাসিন্দা রাবেয়া সিদ্দিকী। ”বিচার ও শাস্তি না হলে এরকম করুন মৃত্যুর ঘটনা আরও ঘটতে থাকবে,„ যোগ করেন তিনি। এদিকে, নূরজাহান বেগমের মৃত্যুর ঘটনার তদন্ত চেয়ে হাইকোর্টে রিট আবেদন করেছেন শরীফ সরকার নামের এক আইনজীবী। ওই ঘটনায় মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে কি-না, সেটি খতিয়ে দেখতে মানবাধিকার কমিশনের মাধ্যমে তদন্তের নির্দেশনাও চাওয়া হয়েছে। অন্যদিকে, সন্তানদের অবহেলায় মায়ের মৃত্যুর অভিযোগ তদন্ত করা হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী। ”এটা অবশ্যই তদন্ত করা হবে। সেখানে অভিযোগের সত্যতা পাওয়া গেলে উনার যে যুগ্ম-সচিব ছেলে, তার বিরুদ্ধে আমরা আইন ও বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবো,„ বিবিসি বাংলাকে বলেন মি. বারী।

**আইন কী বলে?**

ধর্মীয় ও সংস্কৃতির রীতি অনুযায়ী, বাংলাদেশে ছেলে-মেয়েরাই সাধারণত বাবা-মাকে বৃদ্ধ বয়সে দেখে শুনে রাখেন। তবে বিষয়টি নিয়ে অতীতে বিভিন্ন সময় নানান অভিযোগ ওঠার কারণে ২০১৩ সালে এ নিয়ে একটি আইনও পাস করে সরকার। 'পিতা-মাতার ভরণপোষণ আইন' নামের ওই আইনে প্রতিটি সামর্থ্যবান ছেলে-মেয়েকে তার বাবা-মায়ের ভরণপোষণ তথা- খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, সঙ্গ ও সেবা প্রদানসহ অন্যান্য প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করতে বলা হয়েছে। আইনে এটাও বলা হয়েছে যে, কোনো পিতা-মাতার একাধিক সন্তান থাকলে সন্তানেরা নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করে ভরণপোষণ নিশ্চিত করবেন। আরও বলা হয়েছে, পিতা-মাতার ভরণ-পোষণ নিশ্চিত করার ক্ষেত্রে সন্তানদেরকে তাদের সঙ্গে একই স্থানে বসবাস করতে হবে। বাবা-মায়ের ইচ্ছার বিরুদ্ধে তাদেরকে কোনো বৃদ্ধাশ্রম বা অন্য কোথাও থাকতে বাধ্য করা যাবে না। চাকরি বা অন্য কোনো কারণে সন্তানরা পিতা-মাতার কাছ থেকে দূরে অবস্থান করলে নিয়মিতভাবে তাদেরকে বাবা-মায়ের খোঁজ-খবর নেওয়া এবং দেখা-সাক্ষাৎ করার কথা বলা হয়েছে। সেইসঙ্গে, বাবা-মাকে নিয়মিতভাবে যৌক্তিক পরিমাণ টাকা-পয়সা প্রদান করার কথাও রয়েছে আইনে। আইন অনুযায়ী, ছেলে-মেয়ের অনুপস্থিতিতে নাতি-নাতনিরা তাদের বৃদ্ধ দাদা-দাদি বা নানা-নানির দেখাশোনা করবেন। কেউ যদি এই আইন না মানে, সেক্ষেত্রে তাকে অনূর্ধ্ব এক লাখ টাকা জরিমানা বা অনূর্ধ্ব তিন মাস কারাদণ্ডের বিধান রাখা হয়েছে। স্বামী-স্ত্রী বা সন্তানদের কেউ যদি এই আইন বাস্তবায়নে বাধা দেন, তাহলে তিনি একই শাস্তি ভোগ করবেন বলে আইনে বলা হয়েছে। ”বাংলাদেশের প্রেক্ষাপটে এটি অত্যন্ত যুগান্তকারী একটি আইন। প্রচারণার মাধ্যমে এই আইন সম্পর্কে সবাইকে সচেতন করা এবং এটি প্রয়োগ করে শাস্তির দৃষ্টান্ত স্থাপন করা গেলে মিরপুরের ঘটনার মতো ঘটনা আর ঘটবে না বলে আমি মনে করি,„ বিবিসি বাংলাকে বলছিলেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ আলী আহমেদ)

## মন্ত্রিত্ব ধরে রেখেই জাতিসংঘের দায়িত্ব পালন করবেন খলিলুর রহমান

স্বপদে বহাল থেকেই জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির (ইউএনজিএ) দায়িত্ব পালন করতে যাচ্ছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। এক্ষেত্রে সাধারণ পরিষদের গুরুত্বপূর্ণ অধিবেশন চলাকালে তিনি ছুটিতে থাকবেন। সেই হিসেবে আগামী সেপ্টেম্বর মাসে নিউইয়র্কে অনুষ্ঠিত হতে যাওয়া জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশনের সময় কয়েক সপ্তাহের জন্য ছুটিতে যেতে পারেন পররাষ্ট্রমন্ত্রী। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানতে পেরেছে বিবিসি বাংলা। তবে বিষয়টি নিয়ে এখনও আনুষ্ঠানিকভাবে কিছু না জানালেও একইসঙ্গে দুই দায়িত্ব পালনের বিষয়ে ইঙ্গিত দিয়েছেন মি. রহমান। ”এর নজির আছে,„ বৃহস্পতিবার যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরে সাংবাদিকদের বলেন পররাষ্ট্রমন্ত্রী। যদিও এর আগে, জাতিসংঘ আয়োজিত এক অনুষ্ঠানে মি. রহমান জানিয়েছিলেন যে, সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হলে তিনি পররাষ্ট্রমন্ত্রীর পদ থেকে এক বছরের জন্য ছুটি নেবেন। মন্ত্রী থাকা অবস্থায় নজিরবিহীন এমন ছুটির পরিকল্পনা নিয়ে কর্মকর্তাদের অনেকেই বিস্ময় প্রকাশ করেছিলেন। কিন্তু সভাপতি নির্বাচিত হওয়ার পর এখন জানা যাচ্ছে যে, তিনি দুটি দায়িত্বই পাশাপাশি পালন করবেন। বৃহস্পতিবার দেশে ফিরে সন্ধ্যায় তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকেও অংশ নেন। সেই বৈঠকে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ায় খলিলুর রহমানকে অভিনন্দন জানানো হয়।

বিশ্লেষকরা বলছেন, সরকারের মন্ত্রিসভায় থেকে জাতিসংঘের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালনের ক্ষেত্রে বিধিগতভাবে কোনো বাধা নেই। অতীতে বিভিন্ন দেশে এ ধরনের নজির রয়েছে বলেও জানা যাচ্ছে। ”এমনকি চার দশক আগে বাংলাদেশ থেকে যিনি প্রথমবার সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছিলেন, সেই হুমায়ূন রশিদ চৌধুরী নিজেও এরশাদ সরকারের পররাষ্ট্রমন্ত্রী পদে বহাল থেকেই জাতিসংঘের দায়িত্ব পালন করেছেন,„ বিবিসি বাংলাকে বলছিলেন

জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) মানব উন্নয়ন প্রতিবেদন দপ্তরের সাবেক পরিচালক ড. সেলিম জাহান। ফলে বিএনপি সরকারও খলিলুর রহমানকে স্বপদে বহাল রাখার ক্ষেত্রে কোনো সমস্যা দেখছে না। ”যদি ডেডিকেটেডলি উনার এই (জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির) কাজটি করতে হয়, তাহলে উনাকে সময়টা দিতেই হবে ওখানে। বাট দ্যাট ডাস নট মিন যে, উনি পররাষ্ট্রমন্ত্রী থাকতে পারবেন না,„ বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। প্রধানমন্ত্রী তারেক রহমান এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন বলে জানান তিনি। তবে একইসাথে দুই দায়িত্ব অর্থাৎ মন্ত্রী থাকা অবস্থায় অতিরিক্ত দায়িত্ব হিসেবে খলিলুর রহমান যদি জাতিসংঘে কাজ করতে চান, সেক্ষেত্রে প্রধানমন্ত্রী আপত্তি করবেন না বলে বিবিসি বাংলাকে ইঙ্গিত দিয়েছেন বিএনপির সিনিয়র নেতারা।

**কীভাবে সামলাবেন দুই দায়িত্ব ?**

গত মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে আয়োজিত ভোটাভুটিতে সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে নির্বাচিত হন খলিলুর রহমান। সাইপ্রাসের পররাষ্ট্রমন্ত্রীর বিশেষ দূত আন্দ্রেয়াস এস কাকোরিসকে আট ভোটে পরাজিত করে এক বছরের জন্য ওই দায়িত্ব পান তিনি। এই খবর ছড়িয়ে পড়ার পর পররাষ্ট্রমন্ত্রীর পদে মি. রহমানের বহাল থাকা-না থাকা নিয়ে নানান আলোচনা ও জল্পনা-কল্পনা হতে দেখা যায়। নতুন দায়িত্ব পালনে তিনি এক বছরের জন্য ছুটিতে যেতে পারেন বলে খবরও ছড়িয়ে পড়ে। মূলত গত মে মাসে জাতিসংঘের এক মতবিনিময় অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী ছুটি নেওয়ার পরিকল্পনা জানানোর পর থেকেই বিষয়টি নিয়ে বিভিন্ন মহলে আলোচনা ও কৌতূহল লক্ষ্য করা যাচ্ছিল। কিন্তু পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানাচ্ছেন যে, সেই পরিকল্পনা থেকে সরে এসে মি. রহমান এখন একইসঙ্গে দুই দায়িত্ব পালন করবেন। কিন্তু সেটি কীভাবে সম্ভব হবে? ”এটা অসম্ভব কিছু নয়, কারণ জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির দায়িত্বটি সার্বক্ষণিক কোনো দায়িত্ব নয়। মূলত সভাপতির দায়িত্বটা বর্তায় যখন সাধারণ পরিষদ অধিবেশন হয়,„ বলছিলেন জাতিসংঘের সাবেক কর্মকর্তা মি. জাহান। অতীতের ধারাবাহিকতায়, এ বছরের সেপ্টেম্বরে জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হওয়ার কথা রয়েছে।

সেখানে সভাপতির প্রধান কাজ হবে সাধারণ পরিষদের অধিবেশন পরিচালনা করা এবং নির্মোহ ও নিরপেক্ষভাবে সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে আলোচনায় সমন্বয় করা। ”প্রথম অধিবেশন চলাকালে সভাপতিকে অবশ্যই উপস্থিত থাকতে হয়। ফলে খলিলুর রহমানকেও সেসময় কয়েক সপ্তাহের জন্য নিউইয়র্কে অবস্থান করতে হবে,„ বলেন মি. জাহান। সভাপতির পাশাপাশি জাতিসংঘের সাধারণ পরিষদের প্রতিটি অধিবেশনের জন্য ডজনেরও বেশি সহ-সভাপতি নির্বাচন করা হয়। সভাপতির অনুপস্থিতিতে তাদের মধ্য থেকে একজন অধিবেশনে সভাপতিত্ব করতে পারেন। ”এটা অনেকটা আমাদের সংসদের মতো ব্যাপার। স্পিকার অনুপস্থিত থাকলে ডেপুটি স্পিকার যেভাবে কাজ চালিয়ে নেন, ওইখানেও সেটা করা হয়,„ মি. জাহান। ফলে পরের অধিবেশন গুলোতে মি. রহমান চাইলে যোগ নাও দিতে পারেন বলে জানান জাতিসংঘের সাবেক এই কর্মকর্তা। এদিকে, সাধারণ পরিষদের অধিবেশন চলাকালে পররাষ্ট্রমন্ত্রী যখন ছুটিতে থাকবেন, তখন প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম মন্ত্রণালয়ের নিয়মিত কাজকর্ম চালিয়ে নিবেন বলে জানিয়েছেন কর্মকর্তারা। এক্ষেত্রে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির তাকে সহযোগিতা করবেন বলেও জানান তারা।

**বেতন দিতে হবে বাংলাদেশকেই**

সাধারণ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালনকালে জাতিসংঘের পক্ষ থেকে বিশেষ কিছু কূটনৈতিক ও প্রশাসনিক সুযোগ-সুবিধা ভোগ করবেন খলিলুর রহমান। সেগুলোর মধ্যে রয়েছে নিউইয়র্ক সিটিতে জাতিসংঘ সদর দপ্তরে একটি নির্দিষ্ট কার্যালয়। ”এটা জিএ বা সাধারণ পরিষদের প্রেসিডেন্টের অফিস নামে পরিচিত। সেখানে কাজকর্ম পরিচালনার জন্য বেশ কয়েকজন কর্মকর্তা-কর্মচারী থাকবেন। উনার একজন একান্ত সচিবও থাকবেন,„ বলেন জাতিসংঘের সাবেক কর্মকর্তা মি. জাহান। জাতিসংঘের উচ্চ পর্যায়ের কর্মকর্তা হিসেবে মি. রহমান কোথাও সফরে গেলে সেখানে বিশেষ কূটনৈতিক প্রোটোকল এবং নিরাপত্তা পাবেন। সেইসঙ্গে, দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য গাড়িসহ যোগাযোগের আরও কিছু সুবিধা পাবেন খলিলুর রহমান। তবে জাতিসংঘ মহাসচিবের মতো করে আলাদা বাসভবন বা আবাসন সুবিধা পাবেন না বলে জানা যাচ্ছে। এক্ষেত্রে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের কূটনৈতিক বাসভবন ব্যবহার করতে হবে মি. রহমানকে। এছাড়া, দায়িত্ব পালনের জন্য জাতিসংঘের পক্ষ থেকে কোনো বেতনও পাবেন না তিনি। এক্ষেত্রে জাতিসংঘের নিয়ম হচ্ছে, সাধারণ পরিষদের সভাপতি যে দেশের নাগরিক, ওই দেশ তাকে একটি নির্দিষ্ট অঙ্কের বেতন প্রদান করবে। ফলে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে খলিলুর রহমানও সেই বেতন পাওয়ার কথা। গত প্রায় একবছর ধরে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে আসছেন জার্মানির সাবেক পররাষ্ট্রমন্ত্রী অ্যানালেনা বেয়ারবক। এ কাজের জন্য তিনি জার্মান সরকারের কাছ থেকে প্রতিমাসে ১৩ হাজার ইউরোর মতো বেতন পান বলে গতবছরের সাংবাদিকদের জানায় দেশটির পররাষ্ট্র দপ্তর।

**কতখানি গুরুত্বপূর্ণ এই পদ?**

জাতিসংঘের মানব উন্নয়ন প্রতিবেদনের সাবেক মূখ্য লেখক ও পরিচালক ড. সেলিম জাহান বলছেন, আপাতদৃষ্টিতে এই পদের ভূমিকা আলঙ্করিক মনে হলেও এই পদের কতগুলো বৈশিষ্ট্য আছে। ”মোটামুটিভাবে ১৯৩টি দেশ যেখানে সাধারণ পরিষদের সদস্য, যেখানে বিভিন্ন বিষয়ে বিতর্ক-আলোচনা হয়, কিন্তু সেটাকে একটা পথের দিকে বা একটা উপসংহারের দিকে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সভাপতির একটা বিশেষ ভূমিকা থাকে,„ বলেন মি. জাহান। বাংলাদেশের একজন নাগরিকের এই পদে বসাকে 'গণতন্ত্রের বিজয়' হিসেবে বর্ণনা করছে দেশটির সরকার। ”এই বিজয় আমাদের যে অভূতপূর্ব গণতান্ত্রিক উত্তরণ হয়েছে, তার বিজয়,„ বৃহস্পতিবার নিজ মন্ত্রণালয়ে ব্রিফিংয়ে বলেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। বিশ্লেষকরা বলছেন, এই পদ অত্যন্ত সম্মানের ও গুরুত্বপূর্ণ। ”এই পদ অত্যন্ত মর্যাদামূলক, কারণ মনে রাখতে হবে যে, ১৯০টি সদস্যের মধ্যে বেশিরভাগ দেশ বাংলাদেশের ওপর আস্থা রেখেছে...আমি মনে করি যে, বাংলাদেশের যে অবস্থান এবং বাংলাদেশের নীতি-নেতৃত্ব সেটারই একটা প্রতিফলন,„ বলেন মি. জাহান। একই ধরনের মন্তব্য করেছেন সাবেক কূটনীতিক এম হুমায়ুন কবির। ”ভাবমূর্তির দিক থেকে অবশ্যই এটা প্রেস্টিজিয়াস (মর্যাদাপূর্ণ)। এটার জন্য হাড্ডাহাড্ডি লড়াই হয়। কাজেই এটার একটা ভাবমূর্তিগত ইতিবাচকতা আছে, দেশের সম্মান রক্ষার্থে এটা গুরুত্বপূর্ণ,„ বলেন মি. কবির। সভাপতি পদে প্রার্থিতার সময় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান তার ভিশন স্টেটমেন্টে ছয়টি লক্ষ্যের কথা জানিয়েছেন। তার এই ভিশন স্টেটমেন্টের শিরোনাম, ”রিস্টোরিং ট্রাস্ট, ম্যানেজিং ট্রান্সফরমেশন : এ ইউনাইটেড ন্যাশনস দ্যাট ডেলিভারস ফর অল।„ সভাপতি নির্বাচনের আগে দেওয়া এই স্টেটমেন্টে মি. রহমান জানিয়েছেন, শান্তি, নিরাপত্তা ও সকলের জন্য ন্যায়বিচার, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজিএস) অগ্রগতি ত্বরান্বিত করা এবং জলবায়ু পদক্ষেপ ও পরিবেশ সুরক্ষার বিষয়ে কাজ করবেন তিনি। একইসঙ্গে, মানবিক সহায়তা কার্যক্রম, অভিবাসী ও শরণার্থী এবং মানবাধিকার, অন্তর্ভুক্তিমূলক উদ্ভাবনের আওতায় ডিজিটাল গভর্নেন্স, কৃত্রিম বুদ্ধিমত্তাসহ উদীয়মান প্রযুক্তির নিয়ন্ত্রণ এবং জাতিসংঘের সংস্কার করার কথাও জানিয়েছিলেন। শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রতিরোধমূলক কূটনীতি, শান্তি বিনির্মাণ এবং বেসামরিক নাগরিকদের সুরক্ষায় সমর্থন দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী মি. রহমান।

(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৬.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি এখন অবস্থান করছে এক জটিল সন্ধিক্ষণে

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করতে গেলে প্রথমেই একটি বিষয় পরিষ্কার করা প্রয়োজন। দেশটি এমন এক সন্ধিক্ষণে অবস্থান করছে, যেখানে রাজনৈতিক আস্থা, রাষ্ট্রীয় বৈধতা, জনমত এবং ক্ষমতার ভারসাম্য একসঙ্গে পরীক্ষার মুখে পড়েছে। বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক গোষ্ঠী, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক প্রভাবের পারস্পরিক ক্রিয়ার ফলে একটি জটিল রাজনৈতিক বাস্তবতা তৈরি হয়েছে। এই বাস্তবতায় সরকারের প্রতি জনআস্থা, বিরোধীদলের কৌশল, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, গণমাধ্যমের ভূমিকা এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত নানা বয়ান একে অপরকে প্রভাবিত করছে। ফলে রাজনৈতিক উত্তেজনা শুধু দলীয় বিরোধের মধ্যে সীমাবদ্ধ নেই। এটি ধীরে ধীরে রাষ্ট্র ও সমাজের বিভিন্ন স্তরে ছড়িয়ে পড়ার লক্ষণ দেখাচ্ছে। সরকারবিরোধী পক্ষগুলোর দাবি, জুলাইয়ের আকাঙ্ক্ষা থেকে সরকারের ক্রমাগত সরে যাওয়া এবং গণভোটকে নিয়ে তুচ্ছ-তাচ্ছিল্য জনমনে একটা বেদনা ও প্রতারিত হওয়ার গুমোট বঞ্চনা ক্রমেই ঘনীভূত হচ্ছে। এই জটিল রাজনৈতিক পরিস্থিতিতে গণহত্যাকারী দল, আওয়ামী লীগ সুবিধা নেওয়ার চেষ্টা করছে। সামাজিক মাধ্যমগুলোতে শেখ হাসিনা ফিরে আসছেন, এমন একটা হাইপ তৈরি করে দেশে থাকা সমর্থক-কর্মীদের উজ্জীবিত করার চেষ্টা করছে। আওয়ামী লীগের এমন প্রচারণায় সরকারের হাত আছে বলেও অভিযোগ তুলছেন বিরোধী দলের অনেক নেতা। তারা মনে করেন, সরকারের মদদ ছাড়া আওয়ামী লীগের এমন সাহস দেখানো সম্ভব নয়। ভারতের পশ্চিমবঙ্গে বিজেপি জয়ের পর এই প্রচারণা আরো বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশের গণমাধ্যমগুলোতে বিগত স্বৈরাচার সরকারের সুবিধাভোগী দালাল সাংবাদিকদের দিয়ে নানা ধরনের ন্যারেটিভ তৈরির চেষ্টা চলছে। তাদের বক্তব্যে কিছুটা বিএনপির প্রশংসা থাকলেও, আসলে আওয়ামী লীগকে রাজনীতিতে কতটা প্রয়োজন, সেরকম কথাবার্তাই বারবার তুলে আনা হচ্ছে। এতে মদদ দিচ্ছে সরকারের ভেতরে থাকা আওয়ামী ও ভারতপন্থি বিএনপির কিছু লবিং। তারা যে-কোনোভাবে আওয়ামী লীগকে পুনর্বাসন করতে চায়। বরাবরের মতো তাদের এবারের অস্ত্র একাত্তরের চেতনা। মুক্তিযুদ্ধে বিএনপির প্রতিষ্ঠাতা মেজর জিয়াউর রহমানের প্রশংসা বা গুণকীর্তনের আড়ালে আসলে ভারতের অ্যাজেন্ডাকেই জোরে-শোরে সামাজিকভাবে স্বাভাবিক রাখতে চায়। ইতোমধ্যে আওয়ামী ও বামধারার অনেক সাংবাদিক জুলাইয়ের আন্দোলনকে নিয়ে নানা ধরনের আপত্তিকর প্রোপাগান্ডা চালিয়ে যাচ্ছে। জুলাই একটা ষড়যন্ত্র, যাতে বিদেশি শক্তিগুলোর হাত আছে। সেই সাথে অন্তর্বর্তী সরকারের সময়কার বিভিন্ন পদক্ষেপকে দেশবিরোধী আখ্যা দেওয়ার চেষ্টা চলছে মূলত জুলাইকে বিতর্কিত করার নিমিত্তে। এতে বিএনপির বিভিন্ন শক্তিশালী অংশকেও কাজে লাগানো হচ্ছে। আওয়ামী ও ভারতপন্থি, বুদ্ধিজীবী, মিডিয়াকর্মীসহ সামাজিক ও

ভারতপন্থি টুলসগুলোকে অ্যাকটিভ করা হয়েছে। তারা এ ইনিয়ে-বিনিয়ে এমন সব ন্যারেটিভ সমাজে সৃষ্টি করছে, যাতে সরকার এবং বিরোধী দলের মধ্যে একটা বিশাল দূরত্ব এবং মারমুখী অবস্থা গড়ে তোলা যায়। আবারও ইসলামপন্থি জনগোষ্ঠীর বিরুদ্ধে বিভিন্ন অপপ্রচার ও মিথ্যা তথ্য ছড়িয়ে তাদের ক্রিমিনালাইজড করার চেষ্টা চলছে।

অনেক পর্যবেক্ষকের মতে, সাম্প্রতিক সময়ে সরকারের সঙ্গে বিরোধী রাজনৈতিক শক্তিগুলোর দূরত্ব ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশেষ করে, সংস্কার, নির্বাচন, গণতান্ত্রিক অংশগ্রহণ এবং জনগণের প্রত্যাশা বাস্তবায়নের প্রশ্নে বিভিন্ন মতপার্থক্য সামনে এসেছে। যখন কোনো রাজনৈতিক পরিবর্তন বা আন্দোলনের মাধ্যমে নতুন প্রত্যাশার জন্ম হয়, তখন জনগণ সেই প্রত্যাশার দ্রুত প্রতিফলন দেখতে চায়। যদি তারা মনে করে যে, ঘোষিত লক্ষ্য ও বাস্তব পদক্ষেপের মধ্যে ব্যবধান তৈরি হচ্ছে, তখন হতাশা ও অসন্তোষ জন্ম নেওয়া স্বাভাবিক। এই অসন্তোষ যদি দীর্ঘ সময় ধরে জমা হতে থাকে, তবে তা রাজনৈতিক অস্থিরতার জন্য উর্বর পরিবেশ তৈরি করতে পারে। একই সময় আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে জনমনে উদ্বেগ ও রাজনৈতিক উত্তেজনাকে বাড়িয়ে তুলতে পারে। জনগণ সাধারণত রাষ্ট্রের কাছ থেকে নিরাপত্তা, স্থিতিশীলতা এবং ন্যায়বিচার প্রত্যাশা করে। যখন অপরাধ, সহিংসতা, রাজনীতিক সংঘর্ষ বা প্রশাসনিক দুর্বলতা নিয়ে আলোচনা বাড়ে, তখন সরকারের সামগ্রিক সক্ষমতা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করে। বাস্তবে আইন-শৃঙ্খলা বাহিনীর অবনতির ধারণা অনেক সময় প্রকৃত ঘটনার চেয়েও বেশি রাজনৈতিক প্রভাব সৃষ্টি করতে পারে। কারণ রাজনীতিতে মানুষের অনুভূতি ও উপলব্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই প্রেক্ষাপটে অতীতের ক্ষমতাসীন রাজনৈতিক শক্তিগুলোর ভূমিকা নিয়ে বিতর্ক নতুন মাত্রা পাচ্ছে। ক্ষমতা হারানোর বা সংকটে থাকা কোনো রাজনৈতিক দল সাধারণত রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনকে নিজেদের পুনর্গঠনের সুযোগ হিসেবে দেখার চেষ্টা করে। ইতিহাসে বহু দেশেই দেখা গেছে, জনঅসন্তোষ, সরকার বিরোধী আন্দোলন বা রাজনৈতিক বিভাজনের সুযোগ নিয়ে পূর্বতন শক্তিগুলো পুনরায় নিজেদের অবস্থান শক্ত করার চেষ্টা করেছে। বাংলাদেশেও বিভিন্ন মহলে এমন আলোচনা রয়েছে যে, দেশের রাজনৈতিক অস্থিরতা বৃদ্ধি পেলে অতীতের রাজনৈতিক শক্তিগুলো তা থেকে লাভবান হওয়ার চেষ্টা করতে পারে।

তবে কোনো দল কতটা বাস্তবিকভাবে জনসমর্থন পুনরুদ্ধার করতে পারবে, তা নির্ভর করে জনগণের স্মৃতি, রাজনৈতিক বাস্তবতা এবং সেই দলের অতীত কর্মকাণ্ড সম্পর্কে জনমতের উপর। বর্তমান পরিস্থিতিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঝুঁকিগুলোর একটি হলো রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে যোগাযোগের সংকট। যখন সরকার ও বিরোধী দল একে অপরকে কেবল প্রতিপক্ষ নয় বরং শত্রু হিসেবে দেখতে শুরু করে, তখন রাজনৈতিক সমাধানের পথ সংকুচিত হয়ে যায়। বিরোধীপক্ষের উদ্বেগ, অভিযোগ বা দাবিকে সম্পূর্ণ অগ্রাহ্য করা যেমন সমস্যার সমাধান নয়, তেমনি সরকারবিরোধী প্রতিটি পদক্ষেপকে ষড়যন্ত্র হিসেবে দেখাও ফলপ্রসূ নয়। রাজনৈতিক ব্যবস্থার স্থিতিশীলতার জন্য প্রয়োজন নিয়মিত সংলাপ, আস্থার পরিবেশ এবং পারস্পরিক যোগাযোগ। বাংলাদেশের মতো ঘনবসতিপূর্ণ ও রাজনৈতিকভাবে সংবেদনশীল দেশে সামাজিক সম্প্রীতির প্রশ্ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোনো ধর্মীয়, আদর্শিক বা রাজনৈতিক গোষ্ঠীকে সামগ্রিকভাবে সন্দেহের চোখে দেখা বা তাদের বিরুদ্ধে সাধারণীকরণমূলক প্রচারণা চালানো দীর্ঘমেয়াদে সমাজের জন্য ক্ষতিকর। রাজনৈতিক প্রতিযোগিতা যদি পরিচয়ভিত্তিক বিভাজনে রূপ নেয়, তাহলে তা সামাজিক উত্তেজনা বাড়াতে পারে এবং জাতীয় ঐক্যকে দুর্বল করতে পারে। তাই মতাদর্শগত বিরোধ থাকলেও নাগরিক অধিকার ও আইনের সমতার নীতি বজায় রাখা প্রয়োজন। আন্তর্জাতিক প্রভাবের প্রশ্ন বাংলাদেশে নতুন কিছু নয়। ভৌগোলিক অবস্থান, অর্থনৈতিক গুরুত্ব এবং আঞ্চলিক প্রসার কথা বাস্তবতার কারণে বাংলাদেশকে ঘিরে বিভিন্ন দেশের আগ্রহ রয়েছে।

তবে অভ্যন্তরীণ রাজনৈতিক সংকটের প্রতিটি ঘটনাকে সরাসরি কোনো বিদেশি শক্তির পরিকল্পনার ফল হিসাবে ব্যাখ্যা করা সব সময় যথাযথ না-ও হতে পারে। আন্তর্জাতিক প্রভাব অবশ্যই একটি বাস্তব বিষয়। কিন্তু দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক শক্তি, সামাজিক বাস্তবতা এবং অর্থনৈতিক পরিস্থিতিও সমান গুরুত্বপূর্ণ। একটি পরিণত রাজনৈতিক বিশ্লেষণে এই সবগুলো উপাদান একসঙ্গে বিবেচনা করা প্রয়োজন। এই মুহূর্তে বাংলাদেশের সবচেয়ে বড়ো প্রয়োজন হলো রাজনৈতিক আস্থার পুনর্গঠন। জনগণ যদি মনে করে যে, তাদের মতামত, উদ্বেগ এবং প্রত্যাশা গুরুত্ব পাচ্ছে, তাহলে রাজনৈতিক উত্তেজনা অনেকাংশে কমে আসতে পারে। অন্যদিকে যদি রাজনৈতিক পক্ষগুলো নিজেদের অবস্থানে আরো অনড় হয়ে যায়, তাহলে মেরূকরণ বাড়তে পারে। এমন পরিস্থিতিতে সরকার, বিরোধী দল, নাগরিক সমাজ, গণমাধ্যম এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সবার দায়িত্ব হচ্ছে উত্তেজনা বৃদ্ধির পরিবর্তে সমাধানের পথ খোঁজা। সামনের দিনগুলোও বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ হতে পারে। রাজনৈতিক প্রতিযোগিতা, গণতন্ত্রের স্বাভাবিক অংশ কিন্তু সেই প্রতিযোগিতা যেন সংঘাত, প্রতিশোধ কিংবা অস্থিতিশীলতায় পরিণত না হয়, সেটিই মূল চ্যালেঞ্জ। সরকার যদি বিভিন্ন রাজনৈতিক শক্তির সঙ্গে যোগাযোগ বাড়ায়, জনগণের উদ্বেগকে গুরুত্ব দেয় এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর নিরপেক্ষতা ও দক্ষতা নিশ্চিত করার চেষ্টা করে, তাহলে উত্তেজনা কমানোর সুযোগ তৈরি হতে পারে। একইভাবে বিরোধী দলগুলোরও দায়িত্ব থাকবে, রাজনৈতিক দাবি-দাওয়া উপস্থাপনের ক্ষেত্রে গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ পথ অনুসরণ করা।

কারণ দীর্ঘমেয়াদে কোনো পক্ষের একক বিজয়ের চেয়ে দেশের স্থিতিশীলতা, সামাজিক সম্প্রীতি এবং গণতান্ত্রিক প্রক্রিয়ার ধারাবাহিকতাই বাংলাদেশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ।
(রেডিও তেহরান: ২০৩০ ঘ, ০৪.০৬.২০২৬ রুবাইয়া, এলিনা)

## এনএইচকে

### লেবানন ও পারস্য উপসাগরে লড়াই তীব্রতর হচ্ছে

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে আলোচনা "খুব ভালোভাবে„ চলছে এবং উভয়পক্ষ "সপ্তাহান্তের মধ্যেই„ একটি শান্তি চুক্তিতে পৌঁছাতে পারে। ট্রাম্প বুধবার ওয়াশিংটনে সাংবাদিকদের সঙ্গে কথা বলেছেন। তিনি বলেন, "তারা একটি চুক্তিতে স্বাক্ষর করার বেশ কাছাকাছি পর্যায়ে রয়েছেন। প্রকৃতপক্ষে তাদের সঙ্গে আমাদের ভালো সম্পর্ক তৈরি হয়েছে। বুধবার প্রকাশিত একটি পডকাস্ট সাক্ষাৎকারে তিনি আরও বিস্তারিত জানিয়েছেন। ট্রাম্প বলেন, ইরানের নেতারা পারমাণবিক অস্ত্র না রাখার বিষয়ে সম্মত হয়েছেন। তবে তিনি এও বলেন যে, তারা এখনও "তাদের মন পরিবর্তন করতে পারেন। ট্রাম্প বলেন যে, তিনি বিশ্বাস করেন, ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনিই সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট আছেন এবং তার সাথে কোনো এক সময়ে তিনি দেখা করতে চান। মার্কিন গণমাধ্যম জানিয়েছে, সোমবার ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে ট্রাম্পের এক উত্তপ্ত ফোনালাপ হয়। ট্রাম্প বলেন, লেবাননে ইসরায়েলি সামরিক হামলায় তিনি `কিছুটা বিচলিত,, তবে তিনি ক্রুদ্ধ হওয়ার কথা অস্বীকার করেন এবং বলেন যে, তার ও নেতানিয়াহুর মধ্যে `ভালো সম্পর্ক, রয়েছে। ট্রাম্প বলেন, তিনি লেবাননে ইসরায়েল ও ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহর মধ্যে যুদ্ধবিরতিতে মধ্যস্থতা করতে সাহায্য করেছেন। তবে, উভয়পক্ষই এখনো হামলা অব্যাহত রেখেছে। লেবাননের স্বাস্থ্য কর্তৃপক্ষ জানিয়েছে, বুধবার দক্ষিণাঞ্চলে ইসরায়েলি হামলায় একটি অ্যাম্বুলেন্স আক্রান্ত হলে দু-জন চিকিৎসাকর্মী নিহত এবং আরেকজন গুরুতর আহত হন। হিজবুল্লাহ বুধবার জানিয়েছে যে, তারা ইসরায়েলের বিরুদ্ধে একাধিক রকেট ও ড্রোন হামলা চালিয়েছে। তবে, ইসরায়েলি সামরিক বাহিনী বলেছে যে, তারা তাদের আকাশসীমায় প্রবেশ করা কিছু `সন্দেহজনক আকাশযানকে, প্রতিহত করেছে। ওদিকে, যুক্তরাষ্ট্র এবং ইরানও পাল্টাপাল্টি হামলা চালিয়েছে। মার্কিন কেন্দ্রীয় কমান্ড জানিয়েছে যে, তারা `আত্মরক্ষার্থে, কেশম দ্বীপে একটি ইরানি সামরিক স্থাপনায় আক্রমণ চালিয়েছে। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড বাহিনী জানিয়েছে যে, তারা এই অঞ্চলে অবস্থিত মার্কিন ঘাঁটিগুলোতে হামলা চালিয়েছে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এই হামলাকে সমর্থন করে, একে বেসামরিক জাহাজের ওপর হামলাকারী স্থাপনাগুলোর বিরুদ্ধে `আত্মরক্ষামূলক, আঘাত বলে অভিহিত করেছেন। (এনএইচকে ওয়েব পেজ: ০৪.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### জামিনে মুক্ত সেলিনা হায়াৎ আইভী

এক বছরের বেশি সময় কারাভোগের পর জামিনে মুক্তি পেয়েছেন নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভী। বুধবার রাত সোয়া ১০টার দিকে গাজীপুরের কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে তাকে মুক্তি দেওয়া হয়। রাত সাড়ে ১২টার দিকে তিনি নারায়ণগঞ্জ শহরের দেওভোগ এলাকায় নিজ বাসভবনে পৌঁছান। সেলিনা হায়াৎ আইভীর কারামুক্তির খবরে রাত ১১টা থেকে তার বাড়ির সামনে স্বজন ও কর্মী-সমর্থকেরা ভিড় করেন। দীর্ঘদিন পর আইভী বাসায় ফেরায় তারা স্বস্তি প্রকাশ করেন। বাসায় পৌঁছানোর পর দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা জানান সেলিনা হায়াৎ আইভী। তিনি সাংবাদিকদের বলেন, "আমি বিচার বিভাগের প্রতি অসম্ভব কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং সরকারের প্রতিও ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি চাই, সকলকে নিয়ে একটি মানবিক সরকার গঠিত হোক। জেলে আমার মতো অনেক মায়েরা আছেন, তারা নিরপরাধ। আশা করছি, সরকার তাদের প্রতিও সদয় হবে।„ সেলিনা হায়াৎ আইভীকে ২০২৫ সালের ৯ মে ভোরে নারায়ণগঞ্জের বাসা থেকে গ্রেফতার করে পুলিশ। পরে তাকে ২০২৪ সালের বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের সময়ের ৩টি হত্যা মামলা, ২টি হত্যাচেষ্টা মামলাসহ মোট ১২টি মামলায় গ্রেফতার দেখানো হয়। এর মধ্যে কয়েকটি মামলায় তিনি একাধিকবার জামিন পেলেও, নতুন নতুন মামলায় গ্রেফতার দেখানো হয়। সর্বশেষ গত ৩০ এপ্রিল সিদ্ধিরগঞ্জ থানার দুই হত্যা মামলায় হাইকোর্ট থেকে অন্তর্বর্তীকালীন জামিন পান সেলিনা হায়াৎ আইভী। এরপর তার মুক্তির পথ খোলে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৬.২০২৬ রনি)

### ২৪ ঘণ্টায় সীমান্তে ১০টি `পুশ-ইন, চেষ্টা ঠেকানোর কথা জানালো বিজিবি

বাংলাদেশের বিভিন্ন সীমান্ত এলাকায় ২৪ ঘণ্টায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর `অবৈধভাবে, মানুষ পাঠানোর (`পুশ-ইন,) ১০টি পৃথক চেষ্টা ঠেকানোর কথা জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। একইসঙ্গে এ

ধরনের সম্ভাব্য `পুশ-ইন, প্রতিরোধে সীমান্ত এলাকায় বিজিবি গোয়েন্দা নজরদারিসহ টহল কার্যক্রম জোরদার করেছে বলেও জানিয়েছে তারা। আজ বৃহস্পতিবার বিজিবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৬.২০২৬ রনি)

## বরগুনায় মা ও দুই সন্তানের লাশ উদ্ধারের ঘটনায় অপমৃত্যুর মামলা, পরিবারের অভিযোগ হত্যা

বরগুনা জেলা পরিষদের ডাকবাংলো থেকে উদ্ধার এক নারী কর্মী ও তার দুই মেয়ের লাশ উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে অপমৃত্যুর মামলা করা হয়েছে। তবে নিহতের পরিবারের সদস্যরা বলছেন, ওই তিনজনকে হত্যা করা হয়েছে। গতকাল বুধবার বিকেল ৪টার দিকে বরগুনা শহরের থানাপাড়া এলাকার জেলা পরিষদের ডাকবাংলোর তৃতীয় তলার দুটি কক্ষ থেকে ইতি রানী (৩৪) ও তার দুই মেয়ে আরাধ্য বিশ্বাস (১১) ও অনুরাধা বিশ্বাসের (৩) লাশ উদ্ধার করা হয়। ইতি জেলা পরিষদের ডাকবাংলোর অস্থায়ী কর্মচারী ছিলেন (পরিচ্ছন্নতাকর্মী)। তিনি বরগুনা পৌরসভার কালীবাড়ি সড়কের দুলাল চন্দ্র বিশ্বাসের স্ত্রী। গতকাল সন্ধ্যায় ঘটনাস্থল পরিদর্শন শেষে বরগুনার পুলিশ সুপার কুদরত-ই-খুদা সাংবাদিকদের বলেন, প্রাথমিকভাবে ঘটনাটি আত্মহত্যা বলে মনে হচ্ছে। তিনি জানান, যে কক্ষে ওই নারীর বড়ো মেয়ের মরদেহ পাওয়া গেছে, সেখানে মরদেহের পাশে ঘুমের ঔষধ ও একটি পানির বোতল উদ্ধার করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ওই নারী পূর্বপরিকল্পিতভাবে তার দুই মেয়েকে নিয়ে ডাকবাংলোয় এসেছিলেন। ব্যক্তিগত বা পারিবারিক কোনো কারণে তিনি আত্মহত্যার মতো সিদ্ধান্ত নিয়ে থাকতে পারেন। কারণ, দুটি কক্ষের দরজাই ভেতর থেকে বন্ধ ছিল। পুলিশ সুপার আরো বলেন, মরদেহগুলোর ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে। প্রতিবেদন পাওয়া গেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। সেই অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার আগে পুলিশ সুপারের এমন বক্তব্য নিয়ে প্রশ্ন তুলেছে ইতি রানীর পরিবার। ইতি রানীর জা (দেবরের স্ত্রী) মনি রানী বলেন, "কোনো ধরনের তদন্ত ছাড়াই পুলিশ ঘটনার পরপরই জানিয়েছে তারা আত্মহত্যা করেছে। তদন্ত ছাড়াই পুলিশ এটা বলতে পারে না। এটা নিশ্চিত হত্যা।„ তবে পুলিশ সুপার কুদরত-ই-খুদা ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, "স্বজনেরা এখন মানসিকভাবে অনেকটা বিপর্যস্ত। তাই এটাকে তারা হত্যা বলে দাবি করতেই পারেন।„ কীভাবে নিশ্চিত হলেন এটা আত্মহত্যা, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমাদের হাতে কিছু তথ্য আছে, যেমন সিসিটিভি ফুটেজ এবং যে দুটি কক্ষে লাশ পাওয়া গেছে, সেই কক্ষগুলো ভেতর থেকে বন্ধ ছিল। এ জন্যই আমরা প্রাথমিকভাবে এটাকে আত্মহত্যা বলে ধারণা করছি।„ তবে মৃত ইতি রানীর ভাই মিত্র সরকার বলেন, "ডাকবাংলোয় কাজ নেওয়ার পর থেকে আমার বোনের মেয়েরা কখনও সেখানে যায়নি। বুধবার আমার বোনের সেখানে কাজে যাওয়ার কথা ছিল না। তারপরও কেন গিয়েছিল, সেটা রহস্যজনক।„ তিনি অভিযোগ করেন, "ডাকবাংলো থেকে জব্দ করা পাঁচ-ছয় মিনিটের সিসিটিভি ফুটেজ ফেসবুকে দেখেছি। আমার বোন বেলা ১১টায় সেখানে গিয়েছিল। সারা দিন সেখানে ছিল।„ তার প্রশ্ন, "পুরো সময়ের সিসিটিভি ফুটেজ কোথায়?„ প্রথম আলোর প্রতিবেদক জানান, আজ বৃহস্পতিবার বরগুনা জেলা পরিষদ ডাকবাংলোয় গিয়ে দেখা যায়, যে কক্ষ দুটি থেকে লাশ তিনটি উদ্ধার করা হয়েছে, তার বারান্দায় গ্রিল নেই। তবে থাই গ্লাসের দরজা আছে। এ বিষয়ে ডাকবাংলোর তত্ত্বাবধায়ক নুরুল ইসলাম (লিটন) বলেন, "বারান্দায় গ্রিল না থাকায় এখানে অতিথিরা অরক্ষিত থাকেন।„
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৬.২০২৬ রনি)

## পারমাণবিক অস্ত্রের জ্বালানি উৎপাদন কেন্দ্র খুললো উত্তর কোরিয়া

উত্তর কোরিয়ার প্রধান কিম জং উন আগেই জানিয়েছিলেন, তাদের পারমাণবিক অস্ত্র ভাণ্ডার ঝড়ের গতিতে বাড়ছে। এর মধ্যেই বৃহস্পতিবার পারমাণবিক বোমা তৈরিতে প্রয়োজনীয় ইউরেনিয়াম উৎপাদন কেন্দ্র চালু করল তারা। দেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা কেসিএনএ জানিয়েছে, এই কেন্দ্রে 'অত্যাধুনিক প্রযুক্তির' ব্যবহার হবে। তবে কেন্দ্রটি কবে থেকে চালু হবে বা কোথায় অবস্থিত, সেই সম্পর্কে বিস্তারিত কিছু জানা যায়নি। তবে কেসিএনএ যে ছবি প্রকাশ করেছে, সেই ছবির সঙ্গে অস্ত্র তৈরির উপযোগী ইউরেনিয়াম উৎপাদনের জন্য প্রয়োজনীয় কক্ষের মিল আছে। কিম জানিয়েছে, "দেশের শত্রুদের মোকাবিলা করতে পারমাণবিক অস্ত্রের প্রয়োজন।„ তিনি আরো জানান, গত পাঁচ বছরে দেশে অস্ত্র তৈরির উপযোগী ইউরেনিয়াম উৎপাদন ক্ষমতা দ্বিগুণের থেকেও বেশি বেড়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৬.২০২৬ রনি)

## আবার অস্ত্রবিরতিতে রাজি ইসরায়েল-লেবানন

আরো একবার অস্ত্রবিরতিতে রাজি হয়েছে ইসরায়েল এবং লেবানন। পাইলট প্রজেক্ট হিসেবে দক্ষিণ লেবাননের একটি অঞ্চলকে সুরক্ষিত অঞ্চল চিহ্নিত করা হয়েছে। বুধবার একথা জানানো হয়। এর আগে, এপ্রিল মাসে যুদ্ধবিরতি ঘোষণা করা হলেও ইসরায়েল এবং হিজবুল্লাহ আক্রমণ চালিয়ে গেছে। লেবানন জানিয়েছে, মার্চ থেকে শুরু হওয়া এই আক্রমণে তাদের দেশে তিন হাজার ৩০০ মানুষ প্রাণ হারিয়েছেন এবং ১০ হাজারেরও বেশি মানুষ আহত হয়েছেন। মার্কিন মধ্যস্থতাকারীদের উপস্থিতিতে এই চুক্তিতে বলা হয়েছে, হিজবুল্লাহ দক্ষিণ লেবানন থেকে সরে যাবে। ইসরায়েল এবং লেবাননের যৌথ বিবৃতিতে বলা হয়েছে, লিটানি নদীর দক্ষিণ থেকে হিজবুল্লাহর সমস্ত কাজ বন্ধ করা এবং তাদের

ওই অঞ্চল থেকে সরে যাওয়ার উপর এই অস্ত্রবিরতি চুক্তি নির্ভর করবে। তবে এই সুরক্ষিত অঞ্চলটি কেমনভাবে পরিচালিত হবে, তা এখনই স্পষ্ট নয়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### অর্থনীতির সাময়িক স্বস্তি স্থায়ী নয়, কাঠামোগত সংস্কার জরুরি : সিপিডি

বাংলাদেশের অর্থনীতি বর্তমানে আর্থিক, সামাজিক ও উৎপাদনশীল খাতসহ বিভিন্ন ক্ষেত্রে বহুমাত্রিক চাপে রয়েছে বলে মন্তব্য করেছেন সেন্টার ফর পলিসি ডায়ালগ বা সিপিডি-এর নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন। তিনি বলেন, সাম্প্রতিক সময়ে অর্থনীতির কিছু সূচকে স্বস্তির আভাস মিললেও তা স্থায়ী নয়, বরং কাঠামোগত দুর্বলতাগুলো এখনো রয়ে গেছে। বৃহস্পতিবার (৪ জুন) সকালে রাজধানীর ধানমন্ডিতে সিপিডি কার্যালয়ে অনুষ্ঠিত `২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশের অর্থনীতি : উত্তরণকালীন সময়ে বহুমাত্রিক চ্যালেঞ্জ, শীর্ষক মিডিয়া ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। ফাহমিদা খাতুন বলেন, চলতি অর্থবছরের শেষ সময়ে এসে দেখা যাচ্ছে আর্থিক খাত, সামাজিক খাত এবং উৎপাদনশীল খাত নানা ধরনের চাপের মধ্যে রয়েছে। এসব চাপ নতুন কোনো ঘটনা নয়, বরং কয়েক বছর ধরেই তা দৃশ্যমান। মূল্যস্ফীতি, সরকারি অর্থায়ন, ব্যাংকিং খাতসহ বিভিন্ন ক্ষেত্রে যে সংকট ও চাপ বিদ্যমান, তা থেকে এখনো পুরোপুরি উত্তরণ সম্ভব হয়নি। তিনি বলেন, দেশের অভ্যন্তরীণ ও বৈশ্বিক রাজনৈতিক-অর্থনৈতিক পরিস্থিতির কারণে বিদ্যমান সংকটগুলো আরও ঘনীভূত হচ্ছে। একইসঙ্গে প্রাতিষ্ঠানিক দুর্বলতা, আইন ও বিধি-বিধানের যথাযথ বাস্তবায়নের অভাব এবং জবাবদিহিতার ঘাটতিও সংকটকে আরও গভীর করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

### বিএসইসির নতুন চেয়ারম্যান মাসুদ খান, তিন কমিশনার নাহিদ-তারিক-তানভীর

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান হিসেবে ইউনিলিভার কনজ্যুমার কেয়ারের মাসুদ খান নিয়োগ পেয়েছেন। আর তিন কমিশনার হিসেবে নারী আইনজীবী নাহিদ মাহতাব, আশা ইন্টারন্যাশনালের ফাইন্যান্স ডিরেক্টর তানভীর হাবিব রহমান এবং ঢাকা ব্যাংক সিকিউরিটিজের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) নাফিজ-আল-তারিক নিয়োগ পেয়েছেন। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে তাদের নিয়োগ চূড়ান্ত করা হয়েছে। তারা প্রত্যেকেই চার বছরের জন্য নিয়োগ পেয়েছেন। আজ বিকেল ৩টায় বিএসইসির কার্যালয়ে যাবেন তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

### স্বামী-সন্তান কানাডায়, পল্লবীর ফ্ল্যাটে মিললো নারীর অর্ধগলিত মরদেহ

রাজধানীর পল্লবীর বাসা থেকে সেলিনা আফরোজ (৫৫) নামে এক নারীর অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, তিনি কয়েকদিন আগে মারা যান। জানা গেছে, তার স্বামী ও দুই সন্তান কানাডা প্রবাসী। বৃহস্পতিবার (৪ জুন) বিষয়টি নিশ্চিত করেছেন পল্লবী থানার পরিদর্শক (তদন্ত) মো. হানিফ। তিনি বলেন, গতকাল বুধবার আমরা খবর পেয়ে পল্লবী থানার সেকশন ৬ এলাকার ১০ নম্বর রোডের সি ব্লকের ১৪ নম্বর বাসা থেকে ওই নারীর মরদেহ উদ্ধার করি। তার মরদেহ অর্ধগলিত অবস্থায় ছিল। পরে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য শহিদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের মর্গে পাঠানো হয়েছে। তিনি আরও বলেন, তার স্বামী মমিনুল হক ও দুই সন্তান দীর্ঘদিন ধরে কানাডায় থাকেন। পারিবারিক কলহ থাকায় বাবার পৈতৃক ফ্ল্যাটে থাকতেন সেলিনা আফরোজা। ১২ বছর আগে তিনি কানাডা থেকে দেশে চলে আসেন এবং ওই বাসার একটি ফ্ল্যাটে দীর্ঘদিন ধরে একাই বসবাস করতেন। পুলিশ ও পারিবারিক সূত্রে জানা যায়, পৈতৃক সূত্রে পাওয়া ওই ভবনের একটি ফ্ল্যাটে দীর্ঘদিন ধরে ওই নারী একাই থাকতেন। তার আরেক বোন ওই ভবনের চার তলায় থাকতেন। গত ২৬ মে রাত আনুমানিক ১১টার দিকে মৃত সেলিনা আফরোজের সঙ্গে তার ভাতিজা আশফাকুর রহমানের সর্বশেষ কথা হয়। এরপর আর তার কারও সঙ্গে যোগাযোগ হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

### ইসলামী ব্যাংকে কলম বিরতির নির্দেশনা নেই, গ্রাহকসেবা বন্ধ করলে ব্যবস্থা

ইসলামী ব্যাংকের কর্মকর্তাদের এক ঘণ্টার `কলম বিরতি, পালনের আহ্বান জানানো হলেও এ বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের কোনো নির্দেশনা নেই বলে জানিয়েছেন ব্যাংকটির ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আলতাফ হোসাইন। তিনি সতর্ক করে বলেন, কোনো কর্মকর্তা গ্রাহকসেবা প্রদান থেকে বিরত থাকলে, তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বৃহস্পতিবার (৪ জুন) ইসলামী ব্যাংকের প্রধান কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। জানা গেছে, চেয়ারম্যানের পদত্যাগের দাবিতে আন্দোলনরত `সচেতন গ্রাহক ফোরাম, গত বুধবার রাজধানীতে বিক্ষোভ মিছিল করে। এ সময় তারা ব্যাংকের কর্মকর্তাদের বৃহস্পতিবার এক ঘণ্টার কলম বিরতি পালনের আহ্বান জানায়। এর পরিপ্রেক্ষিতে বিভিন্ন শাখার কিছু কর্মকর্তা কলম বিরতিতে অংশ নেন বলে জানা গেছে। তবে এ বিষয়ে কেউ আনুষ্ঠানিকভাবে গণমাধ্যমের সঙ্গে কথা বলতে রাজি হননি। এদিকে কয়েকটি শাখায় গ্রাহকদের নিয়মিত সেবা কার্যক্রম ব্যাহত হওয়ার অভিযোগও পাওয়া গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## বিমানবন্দরে হাজিদের ১৫০ লাগেজ থেকে মালামাল চুরির বিষয়টি অসত্য

দেশে ফেরা হাজিদের বিমানবন্দরের ১৫০টি লাগেজ থেকে মালামাল চুরির অভিযোগ সম্পূর্ণ অসত্য বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। বৃহস্পতিবার (৪ জুন) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সমসাময়িক ইস্যু নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রতিমন্ত্রী এ কথা জানান। সংবাদ সম্মেলনে প্রতিমন্ত্রী বলেন, গত পরশু দিন যে-সব হাজি হজ থেকে ফিরেছেন, তাদের লাগেজ সংক্রান্ত বিষয়ে একজন একটা পোস্ট দিয়েছেন যে, সেই লাগেজগুলি কাটা হয়েছে এবং লাগেজে ১৫০টি লাগেজ থেকে মালামাল চুরি হয়েছে। পোস্টটি প্রধানমন্ত্রীকে ট্যাগ করা হয়। প্রধানমন্ত্রী এ ব্যাপারে আমাদের সঙ্গে সঙ্গে নির্দেশনা প্রদান করেন এবং আমরা আমাদের তরফ থেকে সঙ্গে সঙ্গে এটা তদন্ত করার জন্য নির্দেশ প্রদান করি। তিনি আরও বলেন, ”আজকে আমরা আপনাদের সামনে হাজির করেছি, যাতে করে বস্তুনিষ্ঠ বিষয়টাই আপনাদের জানাতে পারি। আপনারা জানেন যে, প্রায়ই এ রকম সোশ্যাল মিডিয়ায় আমাদের বিভিন্নভাবে বিভ্রান্ত করা হয়, যেটা আপনাদের সহযোগিতায় আমরা সত্যতা যাচাই করে বস্তুনিষ্ঠ সংবাদটি পরিবেশন আপনাদের মাধ্যমেই করতে পারি। তাতে করে বিভ্রান্তিটা আপনাদের নিরসন হয়। সেই প্রেক্ষিতে আমরা একটা বিবৃতি আপনাদের দিতে চাই।„ তাৎক্ষণিকভাবে এ বিষয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে একটি অভ্যন্তরীণ তদন্ত পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছিল জানিয়ে বিমান প্রতিমন্ত্রী বলেন, বিমানবন্দরের সিসিটিভি ও বডি ওর্ন ক্যামেরার ফুটেজ পর্যবেক্ষণ করে তদন্ত প্রতিবেদন কয়েক ঘণ্টার মধ্যেই আমার কাছে পাঠায় কর্তৃপক্ষ। সেই ফ্লাইটে আসা ৮৩৬ পিস লাগেজের মধ্যে ২১টি ব্যাগ ছেঁড়া এবং কাটা অবস্থায় পাওয়া গেছে বলে কর্তব্যরত গ্রাউন্ড স্টাফদের কাছ থেকে মৌখিকভাবে জানা যায়। নিয়মের কথা উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, ”নিয়ম অনুযায়ী কোনো হাজি বা যাত্রী মূল চেকিং লাগেজের ভেতরে কোনো অবস্থাতেই জমজমের পানি বা যথাযথ সিলগালা না করে লিকুইড প্রসাধন সামগ্রী বহন করতে পারবেন না। এটা একটা নিয়ম। লাগেজ স্ক্যানিংয়ের সময় ধরা পড়লে নিয়ম অনুযায়ী বিমানবন্দর কর্তৃপক্ষ লাগেজ কেটে বা খুলে তা বাজেয়াপ্ত করে থাকে। আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী, ডিক্লারেশন ব্যতীত নগদ টাকা বা মানিব্যাগ বুকিং লাগেজে দেওয়া নিষিদ্ধ।„ ঢাকা বিমানবন্দরে সিসিটিভি ফুটেজ পর্যবেক্ষণ করে কোনো ধরনের মিসহ্যান্ডলিংয়ের প্রমাণ পাওয়া যায়নি জানিয়ে রশিদুজ্জামান মিল্লাত বলেন, ”আপনারা যাচাই করলেই জানবেন যে, গতকালকের ঘটনাটি অসত্য।„ সামাজিক যোগাযোগমাধ্যমের এ অভিযোগটি অসত্য প্রমাণিত হয়েছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, বিমান কর্তৃপক্ষ এ সংক্রান্ত একটি প্রতিবেদন এবং ভিডিও ফুটেজ জমা দিয়েছে। লাগেজ বিমান থেকে নামানো থেকে শুরু করে বেল্ট পর্যন্ত আসার পুরো ভিডিও চিত্রটি সংরক্ষিত আছে। সেটি দেখলেই বোঝা যাবে যে, এ ধরনের কোনো ঘটনা ঘটেনি। লাগেজ নামানোর মাত্র ১৩ মিনিটের মধ্যেই প্রথম লাগেজ বেল্টে এসেছে এবং এক ঘণ্টারও কম সময়ের মধ্যে সব লাগেজ বিতরণ সম্পন্ন হয়েছে। বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী আরও বলেন, ”এবার ৭৮ হাজারেরও বেশি হজযাত্রী আমরা নির্বিঘ্নে পাঠিয়েছি, কোনো ধরনের ত্রুটি আমাদের দেখা দেয়নি। আমরা সুন্দরভাবে এমনকি এখানে যে আপনার ইমিগ্রেশন, নুশুক কার্ড, খাবার-দাবার এগুলোসহ এমনকি শেষে প্রধানমন্ত্রী নিজে গিয়ে হাজিদের সঙ্গে বিমানে কথা বলে তাদের প্রেরণ করেছিলেন এবং হাজিরা খুব খুশি ছিলেন এবার অন্যান্য বছরের তুলনায়। আমাদের এই গণতান্ত্রিক সরকার আসার পরে এবারই প্রথম হাজিরা খুব সন্তুষ্টির সাথে তারা হজ করতে গিয়েছেন। আসার পথে যদি কোনো ধরনের অসুবিধা হয়, তার জন্য আমরা ক্ষমা প্রার্থনাও করেছি।„ সংবাদ সম্মেলনে বিমান ও পর্যটন সচিব ফাহমিদা আখতার, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) কাইজার সোহেল আহমেদ উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২৮

যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৮ জনকে গ্রেফতার করেছে থানা পুলিশ। বৃহস্পতিবার (৪ জুন) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া ও পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, বুধবার (৩ জুন) যাত্রাবাড়ী থানা পুলিশ ওই থানাধীন অপরাধপ্রবণ এলাকাগুলোতে বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৮ জনকে গ্রেফতার করে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## এক মাসে ৩৮ হাজারের বেশি মামলা, জরিমানা পৌনে ৯ কোটি টাকা

ব্যাপক তৎপরতা চালিয়ে গত মে মাসে সড়ক পরিবহণ আইন অমান্যকারীদের বিরুদ্ধে ৩৮ হাজার ২৮৪টি মামলা করেছে পুলিশ। এর মধ্যে ৬৭২টি মামলা হয়েছে এআইভিত্তিক এনফোর্সমেন্টের মাধ্যমে। এসব মামলায় মোট ৮ কোটি ৭১ লাখ ৫৬ হাজার ৫০১ টাকা জরিমানা আদায় করা হয়েছে। বৃহস্পতিবার (৪ জুন) বিকেলে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত মিডিয়া ব্রিফিংয়ে সাংবাদিকদের এ তথ্য জানান ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মোসলেহ্

উদ্দিন আহমদ। তিনি বলেন, ট্রাফিকের আইন সবার জন্যই সমান। সেটা সরকারি হোক, বেসরকারি হোক। পুলিশ সদস্যের কেউ যদি ট্রাফিক আইন অমান্য করেন, তাহলে তাদের বিরুদ্ধে ট্রাফিক আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। পুলিশ সদস্যদের ক্লিয়ার ম্যাসেজ দিয়েছি। আমাদের পুলিশ সদস্যের কেউ যদি ট্রাফিক আইন অমান্য করে, আইন অনুযায়ী আমরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। সরকারি অফিসাররা, সরকারি গাড়িগুলো ট্রাফিক আইন মানতে চান না। ঢাকা শহরের প্রায় প্রত্যেকটা সরকারি প্রতিষ্ঠানের গাড়িগুলোত হুটার লাগানো। যেখানে হর্ন বাজানোর দরকার নেই, সেখানেও হর্ন বাজানো হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর লাল টেলিফোনের তার ভাঙারিতে বিক্রি, গ্রেফতার ২

বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের লাল টেলিফোন সংযোগের তার চুরির ঘটনায় দুইজনকে গ্রেফতার করেছে ডিএমপির কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। এ সময় তাদের কাছ থেকে চোরাই তামার তার উদ্ধার করা হয়। গ্রেফতাররা হলেন- রঞ্জন চন্দ্র (২৫) ও রেজাকুল ইসলাম (৩২)। বৃহস্পতিবার (৪ জুন) বিকেলে সিটিটিসির একটি সূত্র জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করে। পুলিশ জানায়, চুরি করা তামার তার ভাঙারির দোকানে প্রতি কেজি ৬০০ টাকা দরে বিক্রি করা হয়। মোট ৮ কেজি ২০০ গ্রাম তামার তার বিক্রি করেছিলেন গ্রেফতাররা। সিটিটিসি জানায়, সম্প্রতি সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের লাল টেলিফোন সংযোগের তার চুরির একটি স্পর্শকাতর ঘটনা ঘটে। বিষয়টি নিয়ে মামলার পর ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক আলোচনার জন্ম দেয়। এ ঘটনায় বিটিসিএল কর্তৃপক্ষ বাদী হয়ে শাহবাগ থানায় অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে মামলা করে। ঘটনার গুরুত্ব ও সংবেদনশীলতা বিবেচনায় সিটিটিসির সিটি ইন্টেলিজেন্স অ্যানালাইসিস বিভাগ ছায়া তদন্ত শুরু করে। তদন্তে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং গোপন সূত্রের তথ্যের ভিত্তিতে সচিবালয়ে আউটসোর্সিং কর্মী রঞ্জন চন্দ্রকে বৃহস্পতিবার (৪ জুন) দুপুরে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে রঞ্জন চন্দ্র স্বীকার করেন, গত ২২ মে সচিবালয়ের ৩ নম্বর ভবন থেকে তিনি তার চুরি করেন। পরে ১ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একুশে হলের সামনে একটি ভাঙারি দোকানে প্রতি কেজি ৬০০ টাকা দরে মোট ৮ কেজি ২০০ গ্রাম তামার তার বিক্রি করেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে একুশে হলের সামনে ভাঙারি ব্যবসায়ী রেজাকুল ইসলামকে গ্রেফতার করা হয়। পরে তার দেখানো মতে চকবাজার থানার ২৭ নম্বর ওয়ার্ডের হোসেনী দালান রোডে একটি ভাঙারির গুদাম থেকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের লাল টেলিফোন সংযোগের চুরি হওয়া তামার তার উদ্ধার করা হয়। প্রাথমিক তদন্তে সিটিটিসির ধারণা, সচিবালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ সংযোগের তার চুরির সঙ্গে একটি সংঘবদ্ধ চক্র জড়িত। চক্রের মূলহোতাদের শনাক্ত করে আইনের আওতায় আনতে তদন্ত অব্যাহত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## কালো টাকা বৈধের উদ্যোগ থেকে সরকারকে সরে আসার আহ্বান টিআইবির

কোনো ধরনের কর্তৃপক্ষের প্রশ্ন করার সুযোগ না রেখে `নিঃশর্ত ক্ষমা, ঘোষণার মাধ্যমে সরকার আসন্ন ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটে কালো টাকা সাদা করার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে বলে গণমাধ্যমে প্রকাশিত খবরে গভীর হতাশা ও ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। বৃহস্পতিবার (৪ জুন) এক বিবৃতিতে টিআইবি জানায়, আবাসন খাতে ব্যবসায় স্থবিরতা দূর, শিল্পখাতে বিনিয়োগ বৃদ্ধি ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার অজুহাতে এ ধরনের দুর্নীতিসহায়ক সুযোগ দেওয়া সরকারের জন্য আত্মঘাতীমূলক, যা রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় দুর্নীতি ও অনিয়মকে স্বাভাবিকতায় পরিণত করারই নামান্তর। এই সুযোগ চিরতরে বন্ধ করতে হবে। একইসঙ্গে, `সাধারণ ক্ষমা, ঘোষণার মাধ্যমে পাচার হওয়া অর্থ ফেরানের যে পরিকল্পনার কথা শোনা যাচ্ছে, সেক্ষেত্রে নির্দিষ্ট মানদণ্ড অনুসরণ করার আহ্বান জানাচ্ছে সংস্থাটি। টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, স্বাধীনতার পর প্রায় প্রতিটি সরকারই কোনো না কোনোভাবে `অপ্রদর্শিত অর্থ, বৈধ করার উদ্যোগ নিয়েছে, যা সংবিধানের ২০(২) অনুচ্ছেদের পরিপন্থি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## পুঁজিবাজারকে উদীয়মান বাজারে রূপান্তরের ঘোষণা বিএসইসি চেয়ারম্যানের

পুঁজিবাজারে কারসাজি, অনিয়ম ও আইন লঙ্ঘনের বিরুদ্ধে অতীতের তুলনায় আরও কঠোর অবস্থান নেওয়ার ঘোষণা দিয়েছেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) নবনিযুক্ত চেয়ারম্যান মাসুদ খান। তিনি বলেছেন, পুঁজিবাজারের সততা, শৃঙ্খলা ও বিনিয়োগকারী সুরক্ষার প্রশ্নে কোনো আপোশ করা হবে না। যারা কারসাজি করবে, তাদের বিরুদ্ধে আগের চেয়ে আরও কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। বৃহস্পতিবার (৪ জুন) বিকেলে বিএসইসির কার্যালয়ে দায়িত্ব গ্রহণের পর আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। এসময় নবনিযুক্ত তিন কমিশনার, প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজার বিষয়ক বিশেষ সহকারী তানভীর গনি এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে মাসুদ খান বলেন, বিদেশি বিনিয়োগকারীদের মধ্যে সুশাসন, তথ্য প্রকাশ এবং মুনাফা প্রত্যাবাসন নিয়ে কিছু উদ্বেগ রয়েছে। কমিশন এসব বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং পদ্ধতিগতভাবে সমাধানের উদ্যোগ নেবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে উত্তেজনা, শূন্যরেখায় সতর্ক করে বিজিবির মাইকিং

চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুরের বাঙ্গাবাড়ী সীমান্তে ২৮ জনকে `পুশ-ইন, করার চেষ্টাকে কেন্দ্র করে চরম উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সীমান্ত এলাকায় সতর্কতামূলক মাইকিং করছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বৃহস্পতিবার (৪ জুন) দুপুর থেকে সীমান্তজুড়ে এ মাইকিং শুরু করা হয়। মাইকিংয়ে স্থানীয় বাসিন্দাদের সীমান্তের কাছাকাছি না যাওয়ার জন্য কঠোর আহ্বান জানানো হচ্ছে। এর আগে, বুধবার দিনগত রাত আনুমানিক ৩টার দিকে বাঙ্গাবাড়ি সীমান্তের ২০৩/৬-আর পিলার সংলগ্ন এলাকা দিয়ে ২৮ জনকে বাংলাদেশে `পুশ-ইনের, চেষ্টা করে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে বিজিবির বাধার মুখে তারা বাংলাদেশ ভূখণ্ডে প্রবেশ করতে পারেনি এবং বর্তমানে সীমান্তের শূন্যরেখায় অবস্থান করছে। বিজিবির ১৬ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ আরিফুল ইসলাম মাসুম জানান, `পুশ-ইন, হওয়া ২৮ জনের মধ্যে ১২ জন পুরুষ, ১০ জন নারী ও ৬ জন শিশু রয়েছে। তাদের ভারতীয় সীমান্তের আশরাফপুর ক্যাম্পের সদস্যরা বাংলাদেশের দিকে ঠেলে পাঠায় বলে অভিযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল দুই শিশুর, হাসপাতালে বাবা-মা

নাটোরের বড়াইগ্রামে ট্রাক ও মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে দুই শিশুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় নিহত শিশুদের বাবা, মা ও দাদি আহত হয়েছেন। বৃহস্পতিবার (৪ জুন) দুপুর আড়াইটার দিকে বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কের রয়না পাম্প এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন রাজশাহীর লক্ষ্মীপুরের বাসিন্দা প্রকৌশলী আকিব হোসেনের সন্তান ইজাজ (৪ মাস) ও ইহান (৪ বছর)। বনপাড়া হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান বিষয়টি নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## হাম উপসর্গে ১৫ দিনের ব্যবধানে ফাহিমের পর চলে গেল নোমান

চট্টগ্রামের মিরসরাইয়ে ১৫ দিনের ব্যবধানে হাম উপসর্গে যমজ ভাইয়ের মৃত্যু হয়েছে। পরপর দুই শিশুর মৃত্যুর ঘটনায় পাগলপ্রায় বাবা-মা। বুধবার (৩ জুন) রাতে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নোমান নামের এক শিশুর মৃত্যু হয়েছে। এর ১৫ দিন আগে ফাহিম নামের অপর শিশু চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। তাদের বয়স যথাক্রমে দেড় বছর। যমজ দুই শিশু ফাহিম ও নোমান উপজেলার খৈয়াছড়া ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের পূর্ব খৈয়াছড়া তাকিয়া পাড়া এলাকার হারুন উর রশিদের সন্তান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মামলাজট কমানোর উদ্যোগ

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মামলাজট কমানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে করণীয় নির্ধারণে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রীর সঙ্গে বৈঠক করেছেন অ্যাটর্নি জেনারেল। বৃহস্পতিবার (৪ জুন) মন্ত্রণালয়ের সভাকক্ষে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খানের সঙ্গে অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজলের বৈঠক হয়। এ সময় ডেপুটি অ্যাটর্নি জেনারেল, অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেলরা এবং মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সচিব আশরাফুল ইসলামসহ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে চলমান মামলাগুলো দ্রুত নিষ্পত্তি, প্রশাসনিক জটিলতা নিরসন এবং আইনি প্রক্রিয়া আরও কার্যকর করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান বলেন, "মুক্তিযুদ্ধবিষয়ক বিভিন্ন তালিকা ও সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ে অতীতে কিছু অনিয়ম ও জটিলতা তৈরি হয়েছে, যা এখন সমন্বিতভাবে সমাধানের চেষ্টা চলছে। আমাদের লক্ষ্য হলো একটি স্বচ্ছ, নির্ভুল ও গ্রহণযোগ্য প্রক্রিয়ার মাধ্যমে প্রকৃত মুক্তিযোদ্ধাদের মর্যাদা নিশ্চিত করা এবং দীর্ঘদিনের মামলাজট কমিয়ে আনা। এ জন্য অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।„ (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## ২০২২ সালের পর ভাতাবঞ্চিত শিক্ষকদের অবসর ভাতা দেবে সরকার

২০২২ সালের পর থেকে যে-সব শিক্ষক কল্যাণ ট্রাস্টের আওতায় অবসর ভাতা পাননি, তাদের জন্য অবসর ভাতা কার্যক্রম পুনরায় চালু করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। বৃহস্পতিবার (৪ জুন) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের অবসর ভাতা দেওয়ার জন্য সরকার ২ হাজার কোটি টাকার একটি থোক বরাদ্দ দিয়েছে। আগামী এক মাসের মধ্যে এ কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। তিনি বলেন, অতীতে শিক্ষক কল্যাণ ট্রাস্ট থেকে কয়েক হাজার কোটি টাকা তছরুপ হয়েছে, যার কারণে অবসর ভাতা দেওয়ায় জটিলতা সৃষ্টি হয়েছিল। তবে নতুন বরাদ্দের মাধ্যমে বঞ্চিত শিক্ষকদের ভাতা দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে। এ বছর শিক্ষা খাতে বাজেট জিডিপির ২ শতাংশ দেওয়া হয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, এটাকে পর্যায়ক্রমে ৫ শতাংশে উন্নীত করা হবে বলে আশ্বাস করেছেন প্রধানমন্ত্রী। আসছে অর্থবছরে শিক্ষার বাজেট সর্বোচ্চ, যা টাকার অঙ্কে ১ লাখ ২৩ হাজার কোটি টাকা। শিক্ষার যাবতীয় খোঁজ-খবর প্রধানমন্ত্রী নিয়েছেন বলেও জানান শিক্ষামন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## জাতিসংঘে বাংলাদেশের গৌরব, খলিলুর রহমানকে মন্ত্রিসভার অভিনন্দন

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছে সরকারের মন্ত্রিসভা। বৃহস্পতিবার (৪ জুন) রাতে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে অনুষ্ঠিত সভায় এ অভিনন্দন জানানো হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানান। এর আগে, সন্ধ্যা ৭টায় প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিপরিষদের সভা শুরু হয়। সভায় মন্ত্রিসভার সদস্য ও সংশ্লিষ্ট সচিবরা উপস্থিত ছিলেন। এদিকে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়া প্রসঙ্গে জানানো হয়, এই অর্জন বিশ্বমঞ্চে বাংলাদেশের ক্রমবর্ধমান গৌরব, কূটনৈতিক সক্ষমতা এবং বহুপাক্ষিক সম্পর্কের প্রতি আস্থার উজ্জ্বল দৃষ্টান্ত। মঙ্গলবার (২ জুন) জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত নির্বাচনে সাইপ্রাসের প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে হারিয়ে ৮১তম অধিবেশনের সভাপতি পদে নির্বাচিত হন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## চাঁপাইনবাবগঞ্জে বজ্রপাতে তিন নারীসহ নিহত ৫

চাঁপাইনবাবগঞ্জের তিন উপজেলায় পৃথক বজ্রপাতের ঘটনায় তিন নারীসহ পাঁচজনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৪ জুন) বিকেল থেকে সন্ধ্যার মধ্যে বৃষ্টির সময় এসব ঘটনা ঘটে। এর মধ্যে শিবগঞ্জ উপজেলাতেই প্রাণ হারিয়েছেন তিনজন। নিহতরা হলেন সদর উপজেলার ঝিলিম ইউনিয়নের আতাহার এলাকার আব্দুল্লাহ, শিবগঞ্জ উপজেলার চককীর্তি ইউনিয়নের মাহমুদা আক্তার, একই ইউনিয়নের হানিবাড়ি বাজার পাড়া গ্রামের সাদিয়া খাতুন ও মোবারকপুর ইউনিয়নের মেসবাউল এবং নাচোল উপজেলার লাহাবাড়ি গ্রামের সুমিয়ারা বেগম। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শিবগঞ্জে বাড়ি সংলগ্ন আমবাগানে বৃষ্টির মধ্যে আম কুড়াতে গিয়ে বজ্রপাতে তিনজনের মৃত্যু হয়। সদর উপজেলার আতাহারে মাঠ থেকে গরু আনতে গিয়ে বজ্রপাতে আহত হন আব্দুল্লাহ। পরে তাকে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এছাড়া নাচোলে মাঠে ঘাস কেটে বাড়ি ফেরার পথে বজ্রপাতে প্রাণ হারান সুমিয়ারা বেগম। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## ঈদযাত্রায় ২৯২ সড়ক দুর্ঘটনায় নিহত ২৮১, মোটরসাইকেলে বেশি

কোরবানির ঈদকে কেন্দ্র করে ১৩ দিনের ঈদযাত্রায় সারা দেশে ২৯২টি সড়ক দুর্ঘটনায় ২৮১ জন নিহত এবং ৮৩৭ জন আহত হয়েছেন। নিহতদের বড়ো একটি অংশ মোটরসাইকেল দুর্ঘটনার শিকার, যা ঈদযাত্রার নিরাপত্তা পরিস্থিতি নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি করেছে। সড়ক দুর্ঘটনা পর্যবেক্ষণকারী সংগঠন রোড সেফটি ফাউন্ডেশনের এক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। নয়টি জাতীয় দৈনিক, ১৭টি জাতীয় ও আঞ্চলিক অনলাইন পোর্টাল, বিভিন্ন ইলেকট্রনিক গণমাধ্যম এবং সংস্থাটির নিজস্ব তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। ২১ মে থেকে ২ জুন পর্যন্ত ঈদযাত্রায় সড়ক দুর্ঘটনার চিত্র তুলে ধরে বৃহস্পতিবার (৪ জুন) এ প্রতিবেদন প্রকাশ করে রোড সেফটি ফাউন্ডেশন। এতে ওই সময়ের দুর্ঘটনা, হতাহত এবং যাতায়াত পরিস্থিতির বিভিন্ন পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। কোরবানির ঈদকে কেন্দ্র করে ১৩ দিনের ঈদযাত্রায় সড়ক দুর্ঘটনার সারা দেশে ২৯২টি সড়ক দুর্ঘটনায় ২৮১ জন নিহত এবং ৮৩৭ জন আহত হয়েছেন। নিহতদের বড়ো একটি অংশ মোটরসাইকেল দুর্ঘটনার শিকার, যা ঈদযাত্রার নিরাপত্তা পরিস্থিতি নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## ঢাকায় এক মাসে গ্রেফতার ৬৫৮ চাঁদাবাজ, ৯৭১ ছিনতাইকারী-সন্ত্রাসী

ঢাকায় গত এক মাসে বিশেষ অভিযান চালিয়ে ৬৫৮ জন চাঁদাবাজ এবং ৯৭১ জন ছিনতাইকারী, ডাকাত ও সন্ত্রাসীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। বৃহস্পতিবার (৪ জুন) বিকেলে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক মিডিয়া ব্রিফিংয়ে এ তথ্য জানান ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ। ডিএমপি কমিশনার বলেন, গত ১ মে থেকে ২ জুন পর্যন্ত পরিচালিত বিশেষ অভিযানে ডিএমপির বিভিন্ন অপারেশনাল ইউনিট মোট ২ হাজার ৮৪৪ জনকে গ্রেফতার করেছে। তাদের মধ্যে ৬৫৮ জন চাঁদাবাজ, ৯৭১ জন ছিনতাইকারী, ডাকাত ও সন্ত্রাসী এবং ১ হাজার ২১৫ জন মাদক কারবারি রয়েছেন। মোসলেহ্ উদ্দিন আহমদ বলেন, এ সময়ে ৭৪৪ কেজি গাঁজা, ১ লাখ ৭৯ হাজার ইয়াবা, ৪০৫ গ্রাম হেরোইন, ১ হাজার ২৮১ বোতল ফেনসিডিল, ২৮ লিটার দেশি-বিদেশি মদ, ২৯ গ্রাম আইস, ৭৮টি ট্যাপেন্টাডল ও ২০টি নেশাজাতীয় ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। এছাড়া অভিযান চালিয়ে ৬টি দেশি-বিদেশি পিস্তল, ২১ রাউন্ড গুলি ও কার্তুজ, ৪টি ম্যাগাজিন, ১১টি ককটেল এবং ১২টি দেশীয় অস্ত্র জব্দ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## তেজগাঁও এলাকায় অভিযানে গ্রেফতার ৬৩

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের অভিযানে বিভিন্ন অপরাধে জড়িত ৬৩ জনকে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার (৪ জুন) ডিএমপির মিডিয়া ও পাবলিক রিলেশনস বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, বুধবার (৩

জুন) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অপরাধে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারদের মধ্যে তেজগাঁও থানার ৫ জন, শের-ই-বাংলা নগর থানার ৯ জন, মোহাম্মদপুর থানার ২৬ জন, আদাবর থানার ৯ জন, তেজগাঁও শিল্পাঞ্চল থানার ১২ জন ও হাতিরঝিল থানার ২ জন। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## কনটেন্ট ক্রিয়েটরদের ভ্যাট নিয়ে কি মানা হচ্ছে না প্রধানমন্ত্রীর নির্দেশ

কনটেন্ট ক্রিয়েটর ও ফ্রিল্যান্সারদের আয়ের ওপর ৭ দশমিক ৫ শতাংশ কর কাটার বিষয়ে সরকারের পক্ষ থেকে সুস্পষ্ট সিদ্ধান্ত জানানোর দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। বৃহস্পতিবার (৪ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে এ আহ্বান জানান সারজিস আলম। সারজিস আলম পোস্টে লিখেছেন, মাননীয় প্রধানমন্ত্রী কয়েকদিন আগে একজন কনটেন্ট ক্রিয়েটরকে বললেন, ফ্রিল্যান্সার কিংবা কনটেন্ট ক্রিয়েটরদের আয়ের ওপরে যে ৭.৫ শতাংশ ট্যাক্স নির্ধারণ করা হয়েছে, সেই ট্যাক্স কাটা হবে না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, এর আগে কখনই এই ধরনের ট্যাক্স কাটা না হলেও আজকে অনেকের সেই ট্যাক্স কেটে নেওয়া হয়েছে। তাহলে কি প্রধানমন্ত্রীর নির্দেশ মানা হচ্ছে না? নাকি এখন পর্যন্ত সেই সিদ্ধান্ত কার্যকর হয়নি? নাকি কার্যকর হবে না? এ বিষয়ে সুস্পষ্ট সিদ্ধান্ত জানানো প্রয়োজন, না হলে একটা দেশের প্রধানমন্ত্রী কথার মূল্য থাকে না। যারা অনেক কষ্ট করে ফ্রিল্যান্সিং কিংবা কনটেন্ট ক্রিয়েশন-এর মাধ্যমে কোনোমতে জীবিকা নির্বাহ করছেন, তাদের ক্ষেত্রে এই ট্যাক্সকে আমরা সমর্থন করি না। ব্যক্তি বিশেষে উপার্জন সিক্স ডিজিট কিংবা একটি নির্দিষ্ট সংখ্যার ওপরে গেলে এই ট্যাক্স বিভিন্ন মাত্রায় নির্ধারণ করা যেতে পারে। (যেমন : মাসে উপার্জন হাজারে হলে ট্যাক্স দিতে হবে না, লাখের ওপরে গেলে নির্দিষ্ট পার্সেন্ট ট্যাক্স দিতে হবে।) কিন্তু যে মানুষটা একটা ন্যূনতম উপার্জনের মধ্যদিয়ে জীবিকা নির্বাহ করছেন, তার জন্য এটা বোঝা হয়ে দাঁড়াবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশের স্বাধীনতা ও রাজনৈতিক অগ্রযাত্রায় শহিদ জিয়ার ভূমিকা ঐতিহাসিক

আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও রাজনৈতিক অগ্রযাত্রায় শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ভূমিকা ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ। তিনি বলেন, দেশের গণতান্ত্রিক বিকাশ ও রাষ্ট্রীয় কাঠামো গঠনে জিয়াউর রহমানের অবদান জাতির ইতিহাসে গভীরভাবে যুক্ত। বৃহস্পতিবার (৪ জুন) দুপুরে ঢাকা আইনজীবী সমিতির মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। আইনমন্ত্রী তার বক্তব্যে বলেন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চূড়ান্ত পর্যায়ে জিয়াউর রহমান যে ভূমিকা রেখেছিলেন, তা জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। তিনি বলেন, ১৯৭৫ সালের রাজনৈতিক পরিবর্তনের পর দেশে বহুদলীয় গণতন্ত্রের পথ উন্মুক্ত করতে জিয়াউর রহমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তার সময়ে রাজনৈতিক কর্মকাণ্ডের সুযোগ বৃদ্ধি এবং রাষ্ট্র পরিচালনায় ভারসাম্য আনার উদ্যোগ গণতান্ত্রিক প্রক্রিয়াকে এগিয়ে নিয়েছিল। বিচার বিভাগের প্রসঙ্গ টেনে আইনমন্ত্রী দাবি করেন, রাষ্ট্রীয় কাঠামোয় `চেক অ্যান্ড ব্যালান্স, প্রতিষ্ঠার ক্ষেত্রেও জিয়াউর রহমানের ভূমিকা ছিল উল্লেখযোগ্য, বিশেষ করে সাংবিধানিক পরিবর্তনের মাধ্যমে বিচারব্যবস্থার কার্যকারিতা ও স্বাধীনতা বাড়ানোর চেষ্টা হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ রিহাব)

## হার্ডলাইনে সরকার, বাতিল হচ্ছে আদ-দ্বীন হাসপাতালের লাইসেন্স

আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা ও ব্যবস্থাপনায় চরম অবহেলার কারণে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় কঠোর অবস্থান নিয়েছে সরকার। তদন্তে অবহেলার প্রমাণ পাওয়ার পর এরই মধ্যে হাসপাতালটির লাইসেন্স বাতিলসহ কঠিন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। স্বাস্থ্যসেবায় জবাবদিহি নিশ্চিত এবং ভবিষ্যতে এমন ঘটনার পুনরাবৃত্তি ঠেকাতে এ সিদ্ধান্তকে দৃষ্টান্তমূলক পদক্ষেপ হিসেবে দেখছে সরকার। স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্র নিশ্চিত করেছে, এখন থেকে মগবাজারের ওই ভবনে আদ-দ্বীন হাসপাতাল আর কোনো ধরনের চিকিৎসা কার্যক্রম চালাতে পারবে না। একইসঙ্গে হাসপাতালটির লাইসেন্স বাতিলের সিদ্ধান্তের কারণে সেখানে অধ্যায়নরত মেডিকেল শিক্ষার্থীদের ভবিষ্যৎ সুরক্ষায় তাদের দ্রুত অন্য মেডিকেল কলেজে স্থানান্তরের প্রক্রিয়া শুরুর নির্দেশনা দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ : ০৫.০৬.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সঙ্গে ইউএনডিপি,র আবাসিক প্রতিনিধি স্টেফানের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি ইউএনডিপির বাংলাদেশ অফিসের আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার। আজ বৃহস্পতিবার সকালে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে বাংলাদেশ ও ইউএনডিপির চলমান সহযোগিতা, টেকসই

উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মতবিনিময় হয়। বাংলাদেশের উন্নয়ন কার্যক্রমকে আরও গতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও ফলপ্রসূ করতে একসঙ্গে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন উভয়পক্ষ। স্টেফান লিলার নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের মাধ্যমে সরকার গঠন করায় প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানান। তিনি বলেন, ইউএনডিপির দৃষ্টিতে জাতীয় সংসদ বর্তমানে বেশ প্রাণবন্ত। দেশের গণতন্ত্রও আরও শক্তিশালী হয়েছে। প্রধানমন্ত্রী তার সরকারের নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নে নেওয়া ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড বিতরণ কর্মসূচিসহ বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন। এসব উদ্যোগের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নে সরকারের প্রচেষ্টার বিষয়েও তিনি অবহিত করেন। প্রধানমন্ত্রী বাংলাদেশের সার্বিক উন্নয়ন ও টেকসই অগ্রযাত্রায় উন্নয়ন সহযোগীদের অব্যাহত সহযোগিতা কামনা করেন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রীর শিক্ষা, প্রবাসী কল্যাণ ও শ্রমবিষয়ক উপদেষ্টা মাহদী আমিন উপস্থিত ছিলেন। এছাড়া, ইউএনডিপির স্ট্র্যাটেজিক কমিউনিকেশনস অ্যান্ড এক্সটার্নাল রিলেশনস স্পেশালিস্ট কীর্তিজাই পাহাড়ি এবং হেড অব গভর্ন্যান্স আনোয়ারুল হক উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## শহিদ জিয়া ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও স্বকীয়তার প্রতীক : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং এ দেশের মানুষের স্বকীয়তার প্রতীক। তিনি বলেন, "জিয়াউর রহমান অতি অল্প সময়ের মধ্যে এই ভূখণ্ডের মানুষকে একটি অনন্য জাতীয় পরিচিতি তৈরি করে দিয়েছিলেন।„ আজ বৃহস্পতিবার সকালে রাজধানীর প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ পিআইবি অডিটোরিয়ামে আয়োজিত এক আলোচনা সভা ও সংবাদপত্র প্রদর্শনীতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীরউত্তম-এর ৪৫তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে `বর্তমান প্রেক্ষাপটে জিয়াউর রহমানের স্বাধীন নির্জোট কূটনীতি, শীর্ষক আলোচনা সভার আয়োজন করে পিআইবি ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস অ্যান্ড সিকিউরিটি স্টাডিজের (বিআইপিএসএস) সভাপতি মেজর জেনারেল (অব.) এ এন এম মুনিরুজ্জামান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে রাখেন লন্ডন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজের অর্থনীতিবিদ ড. মুশতাক খান। আলোচকের বক্তব্য দেন বাংলাদেশ ডিফেন্স জার্নালের সম্পাদক আবু রুশদ ও ব্রেইনের নির্বাহী পরিচালক ড. সফিকুর রহমান। অনুষ্ঠানে মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, "১৯৭১ সালে যখন দেশের মানুষ একটি চরম সংকটের মধ্যদিয়ে যাচ্ছিল, গোটা দেশের মানুষ তাদের নেতার কাছ থেকে যুদ্ধের ঘোষণার প্রত্যাশা করছিল- সেটা যখন আসলো না, তখন এক সাধারণ মেজর চট্টগ্রাম থেকে হঠাৎ করেই পাকিস্তানের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে যুদ্ধ শুরু করেছিলেন। পাকিস্তান হানাদার বাহিনী ১৯৭১ সালে যেভাবে এ দেশের গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দিয়েছে, নির্বিচারে মানুষ হত্যা করেছে, সে কারণে পাকিস্তানি বর্বরতাকে কখনোই ক্ষমা করতে পারি না।„
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## ৩ মাসের মধ্যে স্কুল ড্রেস, চলতি বছরেই শিক্ষার্থীদের জন্য মিড ডে মিল চালু : শিক্ষামন্ত্রী

আগামী ৩ মাসের মধ্যে সরকার সারা দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য স্কুল ড্রেসের ব্যবস্থা নিশ্চিত করবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন। বৃহস্পতিবার সকালে মিরপুরের ন্যাশনাল বাংলা স্কুল মাঠে জাতীয় পর্যায়ে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্‌বোধনী অনুষ্ঠানে অংশ নিয়ে এই কথা বলেন তিনি। মন্ত্রী আরও জানান, আগামীতে একটি স্কুলও মিড ডে মিল ও ড্রেস ছাড়া থাকবে না। এসময় আগামীর বাংলাদেশ বিনির্মাণে প্রধানমন্ত্রী শিশুদের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন বলেও জানান এহছানুল হক মিলন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন। তিনি বলেন, সারা দেশের শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানো হচ্ছে। এখন থেকে আনন্দের সাথে শিশুরা শিক্ষা জীবন শুরু করবে। যেখানে পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও বিভিন্ন বিদেশি ভাষায় শিশুকাল থেকেই তারা দক্ষ হয়ে গড়ে উঠবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## সাংবাদিক ও সংসদ মিলেমিশে দেশকে এগিয়ে নিতে হবে : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, সাংবাদিকরা জনগণ ও সংসদের মধ্যে গুরুত্বপূর্ণ সেতুবন্ধনের ভূমিকা পালন করেন। গণতন্ত্রকে শক্তিশালী করতে এবং দেশের উন্নয়নকে এগিয়ে নিতে সাংবাদিক ও সংসদকে একসঙ্গে কাজ করতে হবে। আজ বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনের স্পিকারের সম্মেলন কক্ষে বাংলাদেশ পার্লামেন্ট জার্নালিস্টস অ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটির সদস্যদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, বর্তমান সংসদকে ঘিরে জনগণের প্রত্যাশা অত্যন্ত ব্যাপক। দীর্ঘ সময় ধরে বিভিন্ন ক্ষেত্রে অব্যবস্থাপনা ও মানের অবনতির কারণে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক ত্যাগ, সংগ্রাম ও রক্তের বিনিময়ে বর্তমান সংসদ প্রতিষ্ঠিত হয়েছে। ফলে জনগণের প্রত্যাশা পূরণে সংসদকে কার্যকর ভূমিকা পালন করতে

হবে। তিনি বলেন, ”জনগণের সঙ্গে সংসদের নিবিড় সম্পর্ক থাকতে হবে। গণবান্ধব রাজনীতির বিকাশ এবং জনগণের প্রত্যাশা বাস্তবায়নে সাংবাদিকদের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে।„ সাংবাদিকতার স্বাধীনতার প্রসঙ্গে স্পিকার বলেন, অতীতের কিছু রাজনৈতিক সিদ্ধান্তের কারণে দেশের গণমাধ্যম ক্ষতিগ্রস্ত হয়েছে, যার প্রভাব দীর্ঘদিন ধরে সাংবাদিকতার ওপর রয়ে গেছে। তবে বর্তমানে দেশে গণমাধ্যমের স্বাধীনতা রয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন, সংবাদমাধ্যম এখন অনেক বেশি স্বাধীনভাবে কাজ করার সুযোগ পাচ্ছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## আসামি সোহেল রানা ও তার স্ত্রীর মৃত্যুদণ্ড চায় রাষ্ট্রপক্ষ

রাজধানীর মিরপুরের পল্লবীতে শিশু রামিসা ধর্ষণের পর গলা কেটে হত্যার ঘটনায় করা মামলায় প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারের মৃত্যুদণ্ড চেয়েছেন রাষ্ট্রপক্ষের আইনজীবী। বৃহস্পতিবার (৪ জুন) আদালতে শুনানি শেষে ঘাতক দম্পতির মৃত্যুদণ্ড চান রাষ্ট্রপক্ষের আইনজীবী। রাষ্ট্রপক্ষের বিশেষ পাবলিক প্রসিকিউটর আজিজুর রহমান দুলু আদালতে বলেন, সাক্ষীদের সাক্ষ্য, জব্দ আলামত ও অন্যান্য তথ্য-প্রমাণে আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুনের বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। ন্যায়বিচারের স্বার্থে তাদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের দাবি জানান তিনি। এর আগে, শুনানিতে রাষ্ট্রপক্ষের আইনজীবী আজিজুর রহমান দুলু আদালতে আসামি সোহেলের ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় কী জবানবন্দি দিয়েছেন, তা পড়ে শোনান।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে ৮ সদস্যের কমিটি গঠন

তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে ৮ সদস্যের একটি কমিটি গঠন করেছে সরকার। পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি জানিয়েছেন, আগামী এক থেকে দেড় মাসের মধ্যে কমিটি তাদের প্রতিবেদন সরকারের কাছে জমা দেবে। বৃহস্পতিবার বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। পানিসম্পদমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে তিস্তা অববাহিকায় সমন্বিত পানি ব্যবস্থাপনার উপর একটা বৈঠক হয়েছে। আমরাও চেষ্টা করছি, খুব দ্রুত এই ব্যবস্থাপনাটাকে কীভাবে দ্রুত শেষ করা যায়। এর মধ্যে বিশেষজ্ঞরা কাজ শুরু করেছে। আমরা এর পাশাপাশি ৮ সদস্যের বিশেষজ্ঞ কমিটি করেছি। আগামী প্রায় এক, দেড় মাসের মধ্যেই তারা একটা রিপোর্ট দেবে আমাদের। তিনি বলেন, স্বল্প সময়ের মধ্যে সেই রিপোর্টের ভিত্তিতে আমরা সেটা নিয়ে আবার বসবো। প্রকৃতপক্ষে বলা যায় যে, এই কাজটা তো অল্প কয়দিনের কাজ না, সময় লাগবে। এই সময়টাই আমরা খুব দ্রুততার মধ্যে করতে চাচ্ছি। শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, প্রধানমন্ত্রীও তাগিদ দিয়েছেন। ইতোমধ্যে ঘোষণা করেছেন যে, এই তিস্তা মহাপরিকল্পনা আমাদের যে কাজটি সম্পন্ন করা দরকার দ্রুততম সময়ের মধ্যে। কবে নাগাদ করতে পারব, সেই হিসেবে আমরা আজ এই মিটিংটা করেছি। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## হাদি হত্যা নিয়ে মন্তব্য, মমতার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা

ভারতের পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সাম্প্রতিক একটি মন্তব্য ঘিরে রাজ্য রাজনীতি উত্তপ্ত হয়ে উঠেছে। বাংলাদেশের শরিফ ওসমান হাদির হত্যাকাণ্ড নিয়ে বিতর্কিত মন্তব্য করার অভিযোগে তার বিরুদ্ধে শিলিগুড়ি সাইবার ক্রাইম থানায় রাষ্ট্রদ্রোহের লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের আইনজীবী রিংকু চট্টোপাধ্যায় সিং বাদী হয়ে গতকাল বুধবার এই অভিযোগ দায়ের করেন। তার দাবি, মমতার এই মন্তব্য দেশের সাংবিধানিক কাঠামোর অবমাননাকর এবং ভারত ও বাংলাদেশের মধ্যে কূটনৈতিক সংকট তৈরির এক পরিকল্পিত অপপ্রয়াস। অভিযোগপত্র সূত্রে জানা গেছে, গত ২ জুন কলকাতার রানি রাসমণি স্মারকের এক রাজনৈতিক সভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেন, বাংলাদেশের রাজনীতিক ওসমান হাদির হত্যাকাণ্ডের ঘটনার সঙ্গে ভারত সরকার এবং খোদ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জড়িত আছেন। অভিযোগকারী আইনজীবী রিংকু চট্টোপাধ্যায় সিং বলেন, ”কোনো দেশের সরকারের বিরুদ্ধে প্রতিবেশী দেশের মাটিতে হওয়া হত্যাকাণ্ডে সরাসরি যোগসাজশের এই অভিযোগ আন্তর্জাতিক স্তরে ভারতের সম্মান ক্ষুণ্ন করেছে। এই বক্তব্যের ফলে দুই সার্বভৌম রাষ্ট্রের মধ্যে চরম শত্রুতা, অবিশ্বাস এবং অস্থিরতা সৃষ্টির আশঙ্কা রয়েছে।„ লিখিত অভিযোগে আরও উল্লেখ করা হয়, মমতার এই ধরনের প্ররোচনামূলক মন্তব্য প্রতিবেশী বাংলাদেশে বসবাসরত হিন্দু সম্প্রদায়ের নিরাপত্তা ও সুরক্ষাকে চরম সংকটের মুখে ঠেলে দিতে পারে, যা জাতীয় স্বার্থ ও জননিরাপত্তার ক্ষেত্রে গুরুতর হুমকিস্বরূপ।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

## আরও আড়াই কোটি ডলার কিনলো বাংলাদেশ ব্যাংক

দুইটি বাণিজ্যিক ব্যাংক থেকে নিলামের মাধ্যমে আরও আড়াই কোটি মার্কিন ডলার কিনেছে বাংলাদেশ ব্যাংক। বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন এ তথ্য জানান। তিনি জানান, দুইটি বাণিজ্যিক ব্যাংক থেকে ২ কোটি ৫০ লাখ মার্কিন ডলার কিনেছে বাংলাদেশ ব্যাংক। কাট অফ মূল্য ছিল ১২২ টাকা ৭৫

পয়সা। আর চলতি জুন মাসে মোট ১০ কোটি ১০ লাখ ডলার কেনা হয়েছে। এর আগেও চলতি ২০২৫-২৬ অর্থবছরে কয়েক দফায় নিলামের মাধ্যমে ডলার কিনেছে কেন্দ্রীয় ব্যাংক। এখন পর্যন্ত মোট কেনা হয়েছে ৬৪১ কোটি ৬৫ লাখ বা ৬.৪২ বিলিয়ন ডলার। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

**জলবায়ু সংকট মোকাবিলায় সমন্বিত উদ্যোগের আহ্বান প্রধানমন্ত্রীর**

জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান ঝুঁকি মোকাবিলায় সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষ্যে বৃহস্পতিবার দেওয়া এক ফেসবুক বার্তায় তিনি এ আহ্বান জানান। ফেসবুক বার্তায় তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের অভিঘাত বর্তমানে সমগ্র মানবজাতির জন্য অন্যতম বড়ো বৈশ্বিক চ্যালেঞ্জ। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, তাপদাহ, অনিয়মিত বৃষ্টিপাত, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, আকস্মিক বন্যা, খরা এবং জীববৈচিত্র্যের অবক্ষয় বিশ্বব্যাপী পরিবেশ ও অর্থনীতির ওপর গভীর প্রভাব ফেলছে। তিনি উল্লেখ করেন, বৈশ্বিক গ্রিনহাউস গ্যাস নিঃসরণে বাংলাদেশের অবদান খুবই কম হলেও ভৌগোলিক অবস্থান, উচ্চ জনঘনত্ব এবং জলবায়ু-সংবেদনশীল অর্থনীতির কারণে দেশটি জলবায়ু ঝুঁকির মুখে রয়েছে। তিনি লেখেন, Climate Risk Index 2026 অনুযায়ী বাংলাদেশ উচ্চ জলবায়ু ঝুঁকির সম্মুখীন। লবণাক্ততা বৃদ্ধি, কৃষি উৎপাদন হ্রাস, জলবায়ুজনিত বাস্তুচ্যুতি এবং প্রাকৃতিক দুর্যোগের ক্রমবর্ধমান তীব্রতা আমাদের উন্নয়ন অগ্রযাত্রার জন্য বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তারেক রহমান বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP), জাতীয়ভাবে নির্ধারিত অবদান (NDC), উপকূলীয় সুরক্ষা, সামাজিক বনায়ন, দুর্যোগ প্রস্তুতি এবং প্রকৃতি-ভিত্তিক সমাধানকে গুরুত্ব দিতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৬.২০২৬ আসাদ)

# BBC

**ISRAEL AND LEBANON AGREE TO IMPLEMENT CEASEFIRE IF HEZBOLLAH STOPS ATTACKS**

Israel and Lebanon have agreed to renew their fragile ceasefire and create a number of "pilot" security zones inside Lebanon in which Hezbollah operatives would be banned, the US state department has announced. A joint statement said the agreement was "contingent on a complete cessation" of attacks by the Iran-backed armed group Hezbollah, among other conditions. The three countries also "rejected any attempt, by any state or non-state actor, to hold Lebanon's future hostage". The agreement was announced in Washington on Wednesday, after Israeli strikes killed at least nine people in southern Lebanon and Hezbollah fired rockets into northern Israel. (BBC News Web Page: 04/06/26, FARUK)

**US HOUSE DELIVERS REBUKE TO TRUMP AS IT VOTES TO HALT IRAN WAR**

The US House of Representatives has passed a measure that seeks to halt President Donald Trump from taking further military action in Iran. The 215-208 vote, which is largely symbolic, was successful after four Republicans joined Democrats in a public show of disapproval of the war, which began in February. The vote was to adopt the war powers resolution, which requires Trump to withdraw US forces or seek congressional approval for the conflict. It is unclear how much legal force this House measure would have. The White House has dismissed the merits of the resolution, saying it is an unconstitutional attempt to restrict presidential power. (BBC News Web Page: 04/06/26, FARUK)

**UKRAINE ACCUSED OF KILLING FOUR IN OCCUPIED CRIMEA**

Russian-backed authorities in the occupied region of Crimea in Ukraine say at least four people have been killed in the latest wave of Ukrainian strikes on the peninsula. Three people were killed and seven wounded in one of the attacks on what were described as "non-residential facilities" in the regional capital, Simferopol. It appears to be the first attack resulting in fatalities there. Ukraine said they had hit a fuel depot. In a separate incident, one person was killed and three injured in an attack on a commuter train travelling to the city of Kerch, the Russia-installed Crimea leader said. It marks the third day in a row it has been accused of targeting civilian transport in its occupied territories. The latest strikes come amid a recently-launched Ukrainian campaign of drone strikes against Russian supply routes in the occupied parts of the country. (BBC News Web Page: 04/06/26, FARUK)

**GERMANY BLAMES RUSSIA FOR 'BITTER DEFEAT' IN UN SECURITY COUNCIL BID**

Germany's foreign minister says support for Ukraine and Israel may have cost votes after Berlin failed to secure a rotating spot on the UN Security Council. Johann Wadephul described losing out to Portugal and Austria as a "bitter defeat" after a vote on which countries would become one of the five new members of the council was held on Wednesday evening. "There is our firm support for Ukraine, the fact that Russia does not

want such a voice at the Security Council," Wadephul said, adding it was "no secret" Russia had stirred up sentiment against Germany. There are five permanent members of the UN Security Council - China, France, Russia, the UK, and the US - and 10 temporary ones. (BBC News Web Page: 04/06/26, FARUK)

**ISRAELI STRIKES KILL 11 PEOPLE IN GAZA CITY: MEDICS**

At least 11 Palestinians have been killed, including women and children, and dozens wounded in Israeli air strikes across Gaza City, according to medical sources and eyewitnesses. Israeli aircraft struck at least four residential buildings in the Sheikh Radwan and Tel al-Hawa neighbourhoods and Shati refugee camp in the early hours of Thursday, causing powerful explosions and panic among residents. Among videos posted on social media, said to be the aftermath of the attacks, were distressing images of people trying to leave a building engulfed in fire in Shati camp. There was no immediate comment from the Israeli military. Witnesses told the BBC that three Israeli helicopters hovered briefly over Gaza City's coastline before launching simultaneous strikes on the buildings.
(BBC News Web Page: 04/06/26, FARUK)

**INDIAN FILM UNION DROPS BOYCOTT CALL AGAINST BOLLYWOOD STAR RANVEER SINGH**

A major Indian film workers union has withdrawn its appeal asking members not to work with Bollywood actor Ranveer Singh after his alleged abrupt exit from an upcoming film. The Federation of Western India Cine Employees (FWICE) issued the informal ban last month after the producers of Don 3 complained that Singh had quit the film just weeks before filming was set to begin. The boycott withdrawal comes after Singh reportedly sent a legal notice to the federation. The BBC has not seen the notice. Announced in 2023, Farhan Akhtar's Don 3 was billed as the next chapter in one of Bollywood's most successful and enduring action franchises. On Wednesday, FWICE president BN Tiwari backed Singh, saying the industry stood behind him and that the federation's legal team would respond to the notice. (BBC News Web Page: 04/06/26, FARUK)

**CHINA BANS FOUR NEW ZEALAND MPs OVER TAIWAN VISIT**

In a first, China has banned four New Zealand Members of Parliament for a year over their visit to Taiwan, New Zealand's foreign ministry says. The MPs learned of the ban - which the Chinese Embassy said could be reduced or waived with an apology - when they returned from the trip in May, local media reported on Thursday. China claims the self-governed island of Taiwan as its territory, and has tried to restrict the island's foreign engagements. But this is the first time China has imposed travel bans on New Zealand MPs for visiting Taiwan - a move that "surprised" foreign minister Winston Peters, a ministry spokesperson said in a statement to the BBC. "New Zealand MPs have visited Taiwan for decades and such visits are not inconsistent with New Zealand's One China policy," the spokesperson said. (BBC News Web Page: 04/06/26, FARUK)

**N KOREA'S KIM JONG UN CALLS FOR 'EXPONENTIAL' EXPANSION OF NUCLEAR ARSENAL**

North Korea has unveiled a new facility to produce nuclear bomb fuels as leader Kim Jong Un calls for an "exponential" expansion of his country's atomic arsenal. During a visit to the facility on Thursday, Kim said production capacity for weapons-grade nuclear material was more than double its level of five years ago, the state Korean Central News Agency (KCNA) reported. Kim said the expansion is necessary due to what he referred to as worsening security threats and a long-term confrontation with the "most ferocious enemies", reaffirming his government's policy to increase its nuclear deterrence. Kim was also briefed on new production processes incorporating more advanced technology and reviewed current output targets and future plans, KCNA said. (BBC News Web Page: 04/06/26, FARUK)

## :: THE END ::